

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

প্রজ্ঞাপন

তারিখ:

এস, আর, ও নংআইন/২০২৬ ।—নিরাপদ খাদ্য আইন, ২০১৩ (২০১৩ সনের ৪৩ নং আইন) এর ধারা ৮৭, ধারা ৩২ এর সহিত পঠিতব্য, তে প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, সরকারের পূর্বানুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা:-

১। শিরোনাম ও প্রবর্তন ।—(১) এই প্রবিধানমালা নিরাপদ খাদ্য (মোড়কাবদ্ধ খাদ্য লেবেলিং) প্রবিধানমালা, ২০২৬ নামে অভিহিত হইবে।

(২) এই প্রবিধানমালা প্রজ্ঞাপন জারির ছয় মাস পর হইতে কার্যকর হইবে।

২। সংজ্ঞা ।—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়-

(ক) “আইন” অর্থ নিরাপদ খাদ্য আইন, ২০১৩ (২০১৩ সনের ৪৩নং আইন);

(খ) “অ্যাসোর্টেড প্যাক” অর্থ খুচরা বিক্রয়ের জন্য প্রদর্শিত ভিন্ন ভিন্ন খাদ্য পণ্যের এক বা একাধিক পরিমাণ সম্বলিত একটি একক মোড়ক।

(গ) “উত্তম ভোগের সর্বোচ্চ তারিখ (Best Before)” অর্থ খাদ্য বা খাদ্যপণ্য গ্রহণের ক্ষেত্রে নিরাপদতার সর্বোচ্চ মেয়াদ, যে সময়ে নির্ধারিত সংরক্ষণ পদ্ধতিতে পণ্যটি উহার নির্দিষ্ট প্রকাশিত ও অপ্রকাশিত গুণাবলি ধারণ করিবে মর্মে নির্দেশ করে, তবে উক্ত সময়ের পর খাদ্য বা খাদ্যপণ্যটির মান সন্তোষজনক থাকিতে পারে, কিন্তু উহা বিক্রয়যোগ্য থাকিবে না;

(ঘ) “রেখা সংকেত (Bar code or QR code)” বলিতে সাদা-কালো রেখার নকশা সম্বলিত কোনো ছাপকে বুঝাইবে, যাহার মধ্যে ইলেকট্রনিক যন্ত্রের সাহায্যে উদ্ধারযোগ্য বা পঠনযোগ্য তথ্য নিহিত থাকে;

(ঙ) “দাবি (Claim)” বলিতে যে কোন ধরনের উপস্থাপনা যাহা কোন একটি খাদ্যের লক্ষণীয় গুণাগুণ, যেমন- উহার উৎপত্তি, পুষ্টিগুণ বৈশিষ্ট্যসমূহ, প্রক্রিয়াকরণ, গঠন, প্রকৃতি, ইত্যাদি প্রকাশ করে এবং যে কোন ধরনের উপস্থাপনা বা বর্ণনা বা পরামর্শ, যাহা উক্ত গুণাগুণের সহিত সম্পর্কিত, উহা অন্তর্ভুক্ত হইবে;

(চ) “ই-কমার্স (e-commerce)” অর্থ ডিজিটাল ও ইলেকট্রনিক নেটওয়ার্কের মাধ্যমে পণ্য ও সেবা ক্রয়-বিক্রয়;

(ছ) “মেয়াদ উত্তীর্ণের তারিখ (Expiry Date)” বা “ব্যবহারের সর্বশেষ তারিখ (Use by Date)” অর্থ নির্ণয়কৃত একটি নির্দিষ্ট সময়কাল, যাহার পরে কোনো খাদ্য বা খাদ্যপণ্য, যে অবস্থায়ই সংরক্ষণ করা হউক না কেন, প্রত্যাশিত স্বাভাবিক গুণাবলি হারাইতে পারে এবং উক্ত সময়কালের পরে উক্ত খাদ্য বা খাদ্যপণ্য বিক্রয়যোগ্য হইবে না;

(জ) “খাদ্য ভোক্তা” অর্থ কোনো খাদ্য বা খাদ্যপণ্যের চূড়ান্ত ভোগকারী, যিনি উক্ত খাদ্য বা খাদ্যপণ্যকে খাদ্য ব্যবসার কোনো কার্যক্রমে ব্যবহার করেন না;

(ঝ) “খাদ্যোপকরণ” অর্থ খাদ্য-সংযোজন দ্রব্যসহ খাদ্য প্রস্তুতকরণে ব্যবহৃত যে কোনো উপকরণ বা উপাদান, যেরূপেই বিদ্যমান থাকুক না কেন, যাহা চূড়ান্ত খাদ্যে উপস্থিত থাকে;

(ঞ) “খাদ্য সংযোজন দ্রব্য” অর্থ আইনের ধারা ২ এর দফা (১০) তে সংজ্ঞায়িত খাদ্য সংযোজন দ্রব্য;

(ট) “লেবেল” অর্থ কোনো খাদ্যদ্রব্যের মোড়কের উপর সহজে দৃষ্টিগোচর হয় এইরূপ কোনো ট্যাগ, ব্রান্ড, মার্ক, চিত্র, চিহ্ন, হলমার্ক, গ্রাফিক্স বা বর্ণনামূলক নির্দেশনা, যাহা লিখিত, মুদ্রিত, সিলমোহরকৃত অথবা স্টেনসিল,

এ্যাম্বোশ বা অমোচনীয় কালি দ্বারা কম্পিউটারাইজড প্রিন্টিং এর মাধ্যমে অথবা চাপ প্রয়োগের মাধ্যমে ছাপ প্রদান করা হয় বা সংযোজন করা হয়;

(ঠ) “লেবেলিং” অর্থ লিখিত, মুদ্রিত বা গ্রাফিক্স আকারে বর্ণিত কোনো দ্রব্যের পরিচিতিমূলক বর্ণনা, যাহা লেবেলে সন্নিবেশিত বা সংযোজনের মাধ্যমে প্রদর্শিত হয়;

(ড) “মূল প্রদর্শনী তল (Principal Display Surface বা PDS)” বলিতে বুঝাইবে: মোড়কের যে অংশটি সাধারণ বিক্রয় বা প্রদর্শনের সময় ক্রেতার দৃষ্টিগোচর হয়, উহার মোট ক্ষেত্রফল (উপরের অংশ বা Top panel ব্যতীত); যদি মোড়কটি নলাকার (cylindrical) বা অনিয়মিত আকৃতির হয় এবং কোনো নির্দিষ্ট ‘সামনের দিক’ না থাকে, তবে মোড়কের মোট পৃষ্ঠতলের (Total Surface Area) ৪০% (চল্লিশ শতাংশ) এলাকা মূল প্রদর্শনী তল হিসেবে গণ্য হইবে; মোড়কটি যদি এমন আকারে হয় যে উহার গায়ে লেবেল লাগানো সম্ভব নয় (যেমন: জালের ব্যাগ), তবে সংযুক্ত ট্যাগের এক পাশের সম্পূর্ণ ক্ষেত্রফল PDS হিসেবে গণ্য হইবে।

(ঢ) “ব্যাচ (Batch)”, “কোড (Code)” বা “লট (Lot)” বলিতে সর্বশেষ উৎপাদিত একটি নির্দিষ্ট পরিমাণের পণ্যকে বুঝাইবে, যাহা একই প্রক্রিয়ায় ও পরিবেশে উৎপাদন করা হইয়াছে;

(ণ) “মূল প্যানেল” অর্থ ধারণ পাত্র / মোড়কের সেই অংশ যাহা খাদ্য সামগ্রীর প্রদর্শন, বিক্রয় বা ক্রয়ের সাধারণ ও প্রথাগত অবস্থায় ক্রেতার নিকট প্রদর্শিত বা উপস্থাপিত বা ক্রেতা কর্তৃক পরীক্ষা করা হইতে পারে;

(ত) “নেট-পরিমাণ” অর্থ মোড়ক বা র্যাপারের (wrapper) ওজন ব্যতিত মোড়কের মধ্যস্থিত পণ্যের ওজন বা পরিমাপ বা সংখ্যার প্রকৃত পরিমাণ;

(থ) “নেট ওজন” অর্থ কেবল ধারণ-পাত্রস্থিত বস্তুর প্রকৃত ওজন;

(দ) “নন-রিটেইল কনটেইনার” অর্থ এমন কোনো পাত্র যাহা খাদ্য ভোক্তার নিকট সরাসরি বিক্রয়যোগ্য নহে এবং খাদ্য ভোক্তার নিকট বিক্রয়ের পূর্বে ইহার মধ্যস্থিত খাদ্য বিভিন্ন ব্যবসায়িক কার্যক্রমে ব্যবহৃত হয়;

(ধ) “মোড়ক” অর্থ কোনো দ্রব্য আচ্ছাদন বা সংরক্ষণের উদ্দেশ্যে ব্যবহার্য খোল (case), বাস্ক, কার্টুন, প্যাকেট, স্যাক-প্যাক, পাত্র, আধার, র্যাপার (wrapper), তরল সংরক্ষণ পাত্র (vessel), কোটা, বোতল, ক্যান, ব্যান্ড, টিকেট, রীল, ফ্রেম, কোণ (cone), ক্যাপসুল, ঢাকনা এবং সমজাতীয় অন্যান্য বস্তু;

(ন) “মোড়কাবদ্ধ খাদ্য (Pre-Packaged food)” অর্থ ভোক্তার নিকট বিক্রয়ের জন্য প্রস্তুত খাদ্য যাহা যে-কোনো ধরণের মোড়কে এমনভাবে রাখা হয় যেন মোড়কের ক্ষতিসাধন ব্যতিত উক্ত খাদ্যবস্তুর কোনোরূপ পরিবর্তন করা যাইবে না।

(প) “ফ্রন্ট অফ প্যাকেজ লেবেলিং (Front of Package Labelling- FoPL)” বলিতে খাদ্যপণ্যে কতিপয় উপাদানের উপস্থিতি সম্পর্কে অবহিত করার জন্য লেবেলের সম্মুখভাবে দৃশ্যমান কোন বার্তা বা চিহ্নকে বুঝাইবে।

(২) এই প্রবিধানমালায় যে সকল শব্দ বা অভিব্যক্তি ব্যবহার করা হইয়াছে কিন্তু সংজ্ঞা বা ব্যাখ্যা প্রদান করা হয় নাই, তাহা আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থেই ব্যবহৃত হইবে।

৩। অন্যান্য আইনের অতিরিক্ততা।—এই প্রবিধানমালার বিধানাবলি লেবেলিং বিষয়ে আপাতত বলবৎ অন্যান্য আইন, বিধিমালা ও প্রবিধানমালায় বর্ণিত বিধানাবলির অতিরিক্ত হিসাবে গণ্য হইবে।

৪। মোড়কাবদ্ধ খাদ্য লেবেলিং এর সাধারণ শর্তাবলি, ইত্যাদি ।—(১) মোড়কাবদ্ধ খাদ্য লেবেলিং এর ক্ষেত্রে নিম্নবর্ণিত সাধারণ শর্তাবলি অনুসরণ করিতে হইবে, যথা:

(ক) ভোক্তাদের নিকট, খাদ্যপণ্য ক্রয় এবং ব্যবহারের সাধারণ অবস্থায় এই প্রবিধানমালায় বর্ণিত তথ্যাবলি মোড়কে পরিষ্কার, দ্ব্যর্থহীন, সুস্পষ্ট, এবং সহজ পাঠ্য করিয়া লিপিবদ্ধ করিতে হইবে, এছাড়াও উহার যেকোনো পরিবর্তন/ক্ষতিসাধন সহজে দৃশ্যমান হইবে;

(খ) মোড়কাবদ্ধ খাদ্যের লেবেলে মিথ্যা, বিভ্রান্তিকর, বা প্রতারণামূলক বা কোনো ক্ষেত্রে এর বিষয়বস্তু সম্পর্কে ভুল ধারণা তৈরি করতে পারে; এমন তথ্য বর্ণনা বা উপস্থাপন করা যাইবে না;

(গ) মোড়কে লেবেল এমনভাবে সংযুক্ত করিতে হইবে যাতে ইহা মোড়ক থেকে পৃথক না হইয়া যায়;

(ঘ) দেশে প্রস্তুতকৃত মোড়কাবদ্ধ খাদ্যের লেবেলে প্রদেয় সংশ্লিষ্ট তথ্য বাংলা ভাষায় লিপিবদ্ধ করিতে হইবে; তবে প্রয়োজনে বাংলার পাশাপাশি এক বা একাধিক অন্যান্য ভাষাও ব্যবহার করা যাইবে;

(ঙ) আমদানিকৃত মোড়কাবদ্ধ খাদ্য দেশের অভ্যন্তরীণ বাজারে বিক্রয়ের ক্ষেত্রে, লেবেল বাংলা ব্যতিত অন্য ভাষায় হইলে, বাংলা ভাষাতেও লেবেল বা একটি সাব-লেবেল একটি লেবেল/স্টিকার বাংলায় সংযুক্ত করিতে হইবে;

(চ) খুচরা বিক্রয়ের উদ্দেশ্যে মোড়কাবদ্ধ খাদ্য অন্য কোনো বহিঃস্থ মোড়কে প্রদর্শিত হইলে উক্ত বহিঃস্থ মোড়কে এই প্রবিধানমালার অধীন প্রযোজ্য ঘোষনাবলী উল্লেখ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, বহিঃস্থ মোড়ক স্বচ্ছ এবং অভ্যন্তরস্থ মোড়কাবদ্ধ খাদ্যের লেবেল সহজপাঠ্য হইলে এই প্রবিধানমালার বিধানাবলি প্রযোজ্য হইবে না;

আরও শর্ত থাকে যে, এই ধারার উদ্দেশ্য পূরণকল্পে, একাধিক ইউনিট সম্বলিত একটি স্বচ্ছ মাল্টি-ইউনিট প্যাকেজের ক্ষেত্রে এই প্রবিধানের অধীনে প্রয়োজনীয় ঘোষণা ধারণকারী অন্তত একটি ইউনিটের লেবেল দৃশ্যমান হইবে;

(ছ) ই-কমার্স বা অন্য কোনো প্রত্যক্ষ বিক্রয় মাধ্যমে বিক্রিত খাদ্যপণ্যের ক্ষেত্রে ব্যাচ নম্বর/লট নম্বর, উত্তম ভোগের সর্বোচ্চ তারিখ ব্যতিত এই প্রবিধানমালার বাধ্যতামূলক বিধানাবলী উপযুক্ত উপায়ে ভোক্তার নিকট উল্লেখ করিতে হইবে এবং ই-কমার্স খাদ্য ব্যবসায়ীগণ সংশ্লিষ্ট খাদ্য ব্যবসায়ীগণের নিকট হইতে উপরে উল্লিখিত তথ্যাদি পাইবেন, ক্ষেত্রমত উহা তাহাদের ওয়েবসাইটে প্রকাশ করিবেন;

(জ) নিরাপদ খাদ্য নিশ্চিতকরণের স্বার্থে, প্রযোজ্য ক্ষেত্রে, খাদ্য প্রক্রিয়াকরণ, মোড়কীকরণ, সংরক্ষণ, মজুদ, পরিবহন এবং পরিবেশনার সহিত সম্পর্কিত বিশেষ নির্দেশনা, যদি থাকে, মোড়কাবদ্ধ খাদ্যের লেবেলে তাহা উল্লেখ করিতে হইবে;

(ঝ) লেবেলে “চিকিৎসক, বিশেষজ্ঞ বা সমতুল্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক সুপারিশকৃত” ধরনের কোনো অভিব্যক্তি প্রকাশ বা ঘোষণা করা যাইবে না, যাহা হইতে ক্রেতা বিভ্রান্ত হইতে পারে;

(ঞ) খাদ্য বা খাদ্যপণ্যের গুণবৃদ্ধি করিতে উহার পরিমাণ ও পুষ্টিগুণের বিষয়ে লেবেলে কোনো মিথ্যা তথ্য, দাবি বা অপকৌশল অথবা “রোগ নিরাময়কারী”, ইত্যাদি ধরনের কোনো বিভ্রান্তিকর তথ্য বা দাবি এবং উৎসস্থল সম্পর্কে কোনো বিভ্রান্তিকর বক্তব্য লিপিবদ্ধ করা যাইবে না;

(ট) তবে শর্ত থাকে যে, সরকার বা তদকর্তৃক নির্ধারিত কোনো কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে, গুণগতমানের নিশ্চয়তা বিধান সম্বলিত সিল প্রদান করা যাইবে;

(ঠ) মোড়কাবদ্ধ কোনো খাদ্য বা খাদ্যপণ্যের মোড়কে লিপিবদ্ধ তথ্যাদি কাটিয়া বা মুছিয়া পরিবর্তন করিয়া কোনো খাদ্য বা খাদ্যপণ্য বিক্রয় করা যাইবে না;

৫। মোড়কাবদ্ধ খাদ্য বা খাদ্যপণ্যের নামকরণের বিশেষ শর্তাবলি।— প্রবিধি ৪-এ বর্ণিত সাধারণ শর্তাবলি ছাড়াও, মোড়কাবদ্ধ খাদ্য নামকরণের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করিতে হইবে, যথা:-

(ক) নাম হইবে সুনির্দিষ্ট, শ্রেণিগত নহে, যাহা খাদ্যের প্রকৃতিকে নির্দেশ করিবে;

(খ) বাংলাদেশে কোনো আইনের অধীনে প্রতিষ্ঠিত খাদ্যের মানদণ্ডের অধীনে কোনো খাদ্যের জন্য কোনো নাম বা নাম প্রতিষ্ঠিত হইলে, সেক্ষেত্রে এই নামগুলির মধ্যে অন্তত একটি ব্যবহার করিতে হইবে;

(গ)সাধারণভাবে আইনগত নাম (Legal Name) ব্যবহার করিতে হইবে, তবে উক্তরূপ নামের অনুপস্থিতিতে প্রচলিত নাম (Customary Name) এবং প্রচলিত নাম না থাকিলে বা ব্যবহার করা না হইলে বর্ণনামূলক নাম (Descriptive Name) প্রদান করিতে হইবে;

(ঘ)যে নামে বিক্রয় হইবে তাহা বাংলাদেশে প্রযোজ্য নাম হইতে হইবে;

(ঙ) ইহার অতিরিক্ত একটি “মুদ্রিত”, “কাল্পনিক”, “ব্র্যান্ড” বা “ট্রেড নাম” থাকিতে পারিবে;

(চ) ক্রেতার মনের সন্দেহ দূরীভূত করিবার জন্য যে নামে বিক্রয় হইবে সেই নামের সহিত খাদ্যের প্রকৃতি, ভৌত অবস্থা অথবা যদি নির্দিষ্ট প্রক্রিয়াকরণ পদ্ধতি অনুসরণ করা হইয়া থাকে, যেমন- গুঁড়াকৃত, শীতলীকরণের মাধ্যমে শুষ্ককৃত, অতি নিম্নতাপে হিমায়িত, ঘনীভূত, পুনঃপ্রস্তুতকৃত, ধূমায়িত, সেই সকল বিষয় সংযুক্ত করিতে হইবে;

(ছ) আমদানিকৃত খাদ্য বা খাদ্যপণ্যের নাম এমনভাবে লেবেলিং করিতে হইবে যেন খাদ্যপণ্যের প্রকৃতি প্রকাশ করে এবং ভোক্তা সাধারণ বিভ্রান্ত না হয়।

৬। উপকরণের তালিকা সংক্রান্ত বিশেষ শর্তাবলি।—একক উপকরণের খাদ্য ব্যতীত, উপকরণ গুলির একটি তালিকা নিম্নলিখিত পদ্ধতিতে লেবেলে ঘোষণা করিতে হইবেঃ

(ক) ব্যবহৃত খাদ্য সংযোজন দ্রব্য সহ উপকরণের তালিকা একটি উপযুক্ত শিরোনাম যেমন “উপকরণ” বা “উপকরণের তালিকা” লেবেলে ঘোষণা করিতে হইবে;

(খ) খাদ্য উৎপাদন প্রক্রিয়ায় ব্যবহৃত উপকরণসমূহ তাদের ওজন, আয়তন বা শতাংশের নিম্নক্রমানুসারে তালিকাভুক্ত করিতে হইবে;

(গ) উপকরণের তালিকায় প্রতিটি উপকরণের জন্যে উহার নির্দিষ্ট নাম ব্যবহার করিতে হইবে এবং কোনো খাদ্য উপকরণ প্রাণীজ উৎস উদ্ভূত হইলে সেই প্রাণীজ উৎসের নাম উল্লেখ করিতে হইবে;

(ঘ) দুই বা ততোধিক উপকরণের সমন্বয়ে প্রস্তুতকৃত যৌগিক উপকরণের ক্ষেত্রে তাদের নির্দিষ্ট নাম উল্লেখ করিতে হইবে, যেমনঃ

(অ) উপাদানের তালিকায় শর্ত থাকে যে, এই ধরনের যৌগিক উপাদান তৈরির সময় অনুপাতের (m/m, ভর/ভর) অবরোহক্রমে এর উপাদানগুলির একটি তালিকা, বন্ধনীতে অবিলম্বে তাহার সাথে থাকিবে; অথবা,

(আ) যৌগিক উপকরণের ক্ষেত্রে সকল উপকরণের ঘোষণা প্রদান করিতে হইবে যেন তাহারা চূড়ান্ত খাদ্যের পৃথক উপকরণ হিসেবে গণ্য হইবে:

তবে শর্ত থাকে যে, যেখানে একটি যৌগিক উপকরণ খাদ্যে ৫% এর কম বিদ্যমান থাকে, খাদ্যে প্রযুক্তিগত কার্যকারিতা সাধনের উদ্দেশ্যে ব্যবহৃত খাদ্য সংযোজন দ্রব্য ব্যতীত অন্য সকল উপকরণের ক্ষেত্রে উহা তালিকায় প্রকাশ করিবার প্রয়োজনীয়তা নেই তবে, কোনো যৌগিক উপকরণের গঠনকারী উপকরণ ৫% সীমার মধ্যে থাকিলে ও উপ-প্রবিধান ৯ (১) অনুযায়ী অ্যালার্জেন হইলে, প্রবিধান ৯ এর বিধান অনুসারে উহার প্রয়োজনীয় ঘোষণা প্রদান করিতে হইবে;

(ঙ) খাদ্য সংযোজনকারী দ্রব্য রহিয়াছে এইরূপ খাদ্য ও খাদ্যপণ্যের ধারণপাত্রের গাত্র বা মোড়কে “বিশুদ্ধ খাদ্য” অথবা “খাঁটি” বা “পিওর” অথবা অনুরূপ কোনো অভিব্যক্তি সম্বলিত লেবেল আটা যাইবে না;

(চ) লবনাক্ত জলীয় দ্রবণ (brine), সিরাপ (syrup) অথবা ব্রথ (broth)-এর জলীয় অংশ ব্যতীত খাদ্যে সংযোজিত পানি, উপকরণের তালিকায় উল্লেখ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে খাদ্য প্রক্রিয়াকরণের সময় বাষ্পীভূত পানি বা অন্যান্য উদ্বায়ী উপকরণের ঘোষণা প্রদান করিতে হইবে না;

আরও শর্ত থাকে যে, পানি সংযোজনের মাধ্যমে পুনঃপ্রস্তুতকরণের নিমিত্ত শুষ্ককৃত বা ঘনীভূত খাদ্যের ক্ষেত্রে পুনঃপ্রস্তুতকৃত খাদ্যের লেবেলে উপকরণসমূহ তাদের ওজন বা আয়তনের নিম্নক্রমানুসারে তালিকাভুক্ত করিতে হইবে এবং ইহাতে “উপকরণ বা উপকরণের তালিকা যখন লেবেলের নির্দেশাবলী অনুসারে প্রস্তুত করা হয়” সংক্রান্ত বিবৃতি প্রদান করিতে হইবে।

৭। খাদ্য সংযোজন দ্রব্য সংক্রান্ত ঘোষণা ।—(১) খাদ্যে ব্যবহৃত খাদ্য সংযোজন দ্রব্যের কার্যকরী শ্রেণী (সমূহ), উহার নির্দিষ্ট নাম (গুলো) বা স্বীকৃত ইন্টারন্যাশনাল নামারিং সিস্টেম (INS) সহ উপকরণের তালিকায় উল্লেখ করিতে হইবে।

(২) খাদ্যে স্বাদকারক (flavoring agent) দ্রব্য এবং/অথবা স্বাদবর্ধক সংযোজন করা হইলে উহা উপকরণের তালিকায় নিম্নরূপে ঘোষণা করিতে হইবে:

(ক) কৃত্রিম স্বাদকারক (flavoring agent) দ্রব্য/স্বাদবর্ধক (flavor enhancer) এর ক্ষেত্রে “কৃত্রিম স্বাদকারক (flavoring agent) দ্রব্য/স্বাদবর্ধক” লেবেলে ঘোষণা করিতে হইবে;

(খ) প্রাকৃতিক স্বাদকারক (flavoring agent) দ্রব্য/স্বাদবর্ধক (flavor enhancer) এর ক্ষেত্রে “প্রাকৃতিক স্বাদকারক (flavoring agent) দ্রব্য/স্বাদবর্ধক (flavor enhancer)” লেবেলে ঘোষণা করিতে হইবে।

(৩) কোনো খাদ্য বা খাদ্যপণ্য প্রাকৃতিক রঞ্জক বস্তু ধারণ করিলে উক্ত খাদ্য ও খাদ্যপণ্যের লেবেলে “প্রাকৃতিক রঞ্জক” বা “প্রাকৃতিক রঞ্জক রহিয়াছে” অভিব্যক্তি উল্লেখ করিতে হইবে।

(৪) নিরাপদ খাদ্য (খাদ্য-সংযোজন দ্রব্য ব্যবহার) প্রবিধানমালা, ২০২৪ তে অনুমোদিত রঞ্জক বস্তু সংযোজনের ক্ষেত্রে “অনুমোদিত প্রাকৃতিক/কৃত্রিম রঞ্জক রহিয়াছে” অভিব্যক্তি উল্লেখ করিতে হইবে।

(৫) খাদ্যে কাঁচামাল বা অন্যান্য উপকরণ হইতে সংযোজিত খাদ্য সংযোজন দ্রব্য উহার প্রযুক্তিগত কার্যকারিতা (technological function) সাধনের জন্য পর্যাপ্ত পরিমাণে উপস্থিত থাকিলে তাহাকে উপকরণের তালিকায় লিপিবদ্ধ করিতে হইবে;

(৬) লেবেলে নিম্নবর্ণিত তথ্যাদি যথাযথভাবে উল্লেখ না থাকিলে কোনো কৃত্রিম রঞ্জক বা সুগন্ধি বা কৃত্রিম রঞ্জক বা সুগন্ধির মিশ্রণ বিক্রয় করা যাইবে না, যথা:-

(ক) “কৃত্রিম খাদ্য রঞ্জক” বা “কৃত্রিম সুগন্ধি” অভিব্যক্তি;

(খ) সাধারণ ও ক্ষেত্রমত, ইনডেক্স নাম (Color Index Name);

(গ) লট নম্বর;

(ঘ) মেয়াদ উত্তীর্ণের তারিখ;

(ঙ) নেট ওজন;

(চ) ব্যবহার-বিধি সম্পর্কিত নির্দেশনা; এবং

(ছ) উৎপাদনকারীর নাম ও ঠিকানা।

(৭) কোনো খাদ্য সংযোজনকারী দ্রব্যের লেবেলে উক্ত দ্রব্য সম্পর্কিত নিম্নবর্ণিত তথ্যের উল্লেখ না থাকিলে খাদ্যে ব্যবহারের নিমিত্ত উহা বিক্রয় করা যাইবে না:-

(ক) সাধারণ নাম;

(খ) রাসায়নিক নাম;

(গ) নেট ওজন;

(ঘ) ব্যবহার-বিধি সম্পর্কিত নির্দেশনা;

(ঙ) উৎপাদনকারীর নাম ও ঠিকানা; এবং

(চ) মেয়াদ উত্তীর্ণের তারিখ।

৮। উপকরণের পরিমাণ সংক্রান্ত ঘোষণা ।—(১) খাদ্য প্রস্তুতকরণের সময় ব্যবহৃত উপকরণ (যৌগিক উপকরণ বা উপকরণের শ্রেণীসহ)-এর পরিমাণ ওজন বা আয়তনের ভিত্তিতে শতাংশে প্রকাশ করিতে হইবে যেখানে উক্ত উপকরণ:

(ক) লেবেলে শব্দ বা ছবি বা গ্রাফিক্সের মাধ্যমে গুরুত্বারোপ করা হইয়া থাকে; বা,

(খ) লেবেলে খাদ্য বা খাদ্যপণ্যের নাম হিসেবে উল্লেখ নাই এমন কোনো খাদ্য উপকরণ যাহা খাদ্যের বৈশিষ্ট্য প্রকাশের জন্য অপরিহার্য এবং ভোক্তার নিকট উহার উপস্থিতি প্রত্যাশিত এবং উহার পরিমাণগত ঘোষণা না থাকিলে ভোক্তা বিভ্রান্ত বা প্রতারিত হইতে পারে।

(২) উপ-প্রবিধান ৮(১) এ যাহা কিছুই থাকুক না কেন নিম্নবর্ণিত ক্ষেত্রে এইরূপ ঘোষণা উল্লেখ করিবার বাধ্যবাধকতা থাকিবেনা, যথা:-

(ক) স্বাদকারক হিসেবে অল্প পরিমাণে ব্যবহৃত উপকরণ;

(খ) কোনো মোড়কাবদ্ধ খাদ্যের নামের সাথে একটি নির্দিষ্ট শ্রেণীর উপকরণসমূহ বা একক উপকরণের উল্লেখ উক্ত খাদ্যের প্রকৃতি সম্পর্কে ভোক্তাকে বিভ্রান্ত বা প্রতারিত না করে বা ভোক্তার মনে ভুল ধারণা তৈরী না করে;

ব্যাখ্যা।- কোনো খাদ্যের প্রকৃতি নির্দেশ করিতে বা একই ধরনের খাদ্যপণ্যের মধ্যে পার্থক্য করিতে উক্ত উপকরণের পরিমাণগত তারতম্যের প্রয়োজনীয়তা নেই;

(গ) কোনো খাদ্যপণ্যের জন্য এই প্রবিধানমালার অধীন অন্য কোনো বিধান থাকিলে;

(ঘ) ভোক্তার তথ্য এবং ব্যবহারের জন্য পরিবেশন পরামর্শের একটি সচিত্র উপস্থাপনা থাকিলে;

(ঙ) সংযোজিত অনুপুষ্টিকণা এবং উহার মিশ্রণ যেমন: ভিটামিন, খনিজ, অ্যামিনো অ্যাসিড ইত্যাদি যাহা এই প্রবিধানমালার পুষ্টিতথ্য ঘোষণার শর্তাবলির অধীন।

(৩) প্রবিধান ৭ এর অধীন তথ্যাবলি লেবেলে শতাংশ অংকে ঘোষণা করিতে হইবে;

(৪) উপকরণের তালিকায় খাদ্য প্রস্তুতকরণের সময় ব্যবহৃত উপকরণের পরিমাণ সংশ্লিষ্ট উপকরণের সন্নিহিত উপকরণটির উপস্থিতির উপর গুরুত্বারোপ করা হইলে নূন্যতম শতাংশে এবং উপকরণটির নিম্ন পরিমাণ উপস্থিতির উপর গুরুত্বারোপ করা হইলে সর্বাধিক শতাংশে লিপিবদ্ধ করিতে হইবে।

(৫) কোনো খাদ্যপণ্য তাপ বা অন্য কোনো প্রক্রিয়াকরণ পদ্ধতির কারণে আর্দ্রতা হারাইলে ব্যবহৃত উপকরণের (সমূহ) পরিমানের শতাংশ (ওজন বা আয়তনের ভিত্তিতে) চূড়ান্ত খাদ্যপণ্যের সহিত সঙ্গতিপূর্ণ হইবে।

(৬) লেবেলে ঘোষিত কোনো উপকরণ বা উপকরণসমূহের পরিমাণের শতাংশের যোগফল ১০০% অতিক্রম করিলে, উক্ত শতাংশ, প্রতি ১০০ গ্রাম চূড়ান্ত খাদ্যপণ্য প্রস্তুতে ব্যবহৃত উপকরণের ওজন দ্বারা প্রতিস্থাপন করা যাইবে।

৯। এলার্জি সৃষ্টিকারী বা অসহিষ্ণু প্রতিক্রিয়া সৃষ্টিকারী মোড়কাবদ্ধ খাদ্য লেবেলিং এর ক্ষেত্রে বিশেষ শর্তাবলি—(১)

মোড়কাবদ্ধ এবং প্রক্রিয়াজাত খাদ্য ও খাদ্যপণ্যে নিম্নবর্ণিত এলার্জি সৃষ্টিকারী বা অসহিষ্ণু প্রতিক্রিয়া সৃষ্টিকারী খাদ্যোপকরণ থাকিলে লেবেলে বোল্ড বা আন্ডারলাইন বা তির্যক) অথবা বন্ধনী দেওয়ার মাধ্যমে উহার সুস্পষ্ট ঘোষণা প্রদান করিতে হইবে:-

(ক) যে সমস্ত খাদ্যে গ্লুটেন রহিয়াছে, যেমন- গম, রাই, যব, বার্লি ও গম জাতীয় শস্য অথবা উহাদের উপাদানসমূহের শংকর এবং উহা হইতে উৎপাদিত কোনো পণ্য;

(খ) খোলসযুক্ত প্রাণী (Crustacean Shellfish), চিংড়ি (Shrimp), গলদা চিংড়ি (Lobster), কঁকড়া (Crab);

(গ) ডিম, (ডিম হিসেবেই ঘোষিত হইবে);

(ঘ) মৎস্য এবং মৎস্যজাত পণ্য, (মৎস্য হিসেবেই ঘোষিত হইবে);

(ঙ) দুগ্ধ এবং দুগ্ধজাত দ্রব্য (ল্যাকটোজসহ); (দুগ্ধ হিসেবেই ঘোষিত হইবে);

(চ) চিনাবাদাম (ground nut), গাছ বাদাম (tree nuts), যেমন- কাঠবাদাম (Almond), হ্যাজেল নাট (Hazel nut), ওয়াল নাট (Walnut), কাজুবাদাম (Cashew nut), পিকান নাট (Pecan nut), ব্রাজিল নাট (Brazil nut), পেস্তাবাদাম (Pistachio nut) ও ম্যাকাডেমিয়া (Macadamia) (বাদাম হিসেবেই ঘোষিত হইবে);

(ছ) সালফাইট - ১০ গ্রাম/প্রতি কেজি বা তার বেশি সালফাইটের ঘনত্ব ধারণকারী খাবার বা খাদ্য উপাদান; (সালফাইট হিসেবেই ঘোষিত হইবে);

(এ) তিলবীজ;

(ট) সয়াবিন (সয়া হিসেবেই ঘোষিত হইবে); এবং

(ঠ) সেলেরি (celery) শ্রেণিভুক্ত শাকবিশেষ।

(২) উপ-প্রবিধান ৮ (১)ও (২) এ যাহা কিছুই থাকুক না কেন, নিম্নবর্ণিত এলার্জি সৃষ্টিকারী বা অসহিষ্ণু প্রতিক্রিয়া সৃষ্টিকারী খাদ্যোপকরণ হইতে প্রস্তুতকৃত খাদ্যপণ্যের জন্য লেবেলে উহার নাম উল্লেখ করিবার বাধ্যবাধকতা থাকিবে না, যথা:-

(ক) গম, ডেক্সট্রোজ, মাল্টোডেক্সট্রিন দিয়ে তৈরি গ্লুকোজ সিরাপ, এবং উহা হইতে উৎপন্ন পণ্য যেহেতু ২০ মিলিগ্রাম/কেজি এর কম গ্লুটেন এবং সকল পণ্য নিরাপদ হিসেবে গণ্য;

(খ) বার্লিজাত গ্লুকোজ সিরাপ;

(গ) মৎস্যজাত জিলাটিন (Gelatine);

(ঘ) সম্পূর্ণভাবে পরিশোধিত সয়াবিনজাত তৈল ও চর্বি;

(ঙ) প্রাকৃতিকভাবে মিশ্রিত টকোফেরল, যেমন- Tocopherol E-306, প্রাকৃতিক D. alpha Tocopherol, প্রাকৃতিক D-alpha Tocopherol acetate, প্রাকৃতিক D. alpha Tocopherol succinate ও স্টানল এস্টার (Stanol Ester);

(চ) দুগ্ধজাত ল্যাকটিটল (Lactitol); এবং

(ছ) কাঁচা কৃষিপণ্য।

ব্যাখ্যা।— এই প্রবিধানে উল্লিখিত “এলার্জি সৃষ্টিকারী বা অসহিষ্ণু প্রতিক্রিয়া সৃষ্টিকারী খাদ্যোপকরণ” বলিতে ঐ সকল খাদ্য বা খাদ্যোপকরণ অথবা উহা হইতে প্রস্তুতকৃত খাদ্যপণ্যকে বুঝাইবে, যাহা সংবেদনশীল ভোক্তার শারীরবৃত্তীয় এলার্জিক প্রতিক্রিয়া সৃষ্টি করে বা কোনো অসহিষ্ণু প্রতিক্রিয়া ঘটায়।

১০। পুষ্টি সংক্রান্ত তথ্য ।—(১) মোড়কাবদ্ধ খাদ্যে নিম্নবর্ণিত পুষ্টিউপাদান বিদ্যমান থাকিলে লেবেলে বাধ্যতামূলকভাবে উহা, প্রতি ১০০ গ্রাম বা ১০০ মিলি বা পণ্যের একক ব্যবহারের মোড়কে ঘোষণা করিতে হইবে:-

(ক) শক্তি মান (কিলোক্যালরি);

(খ) প্রোটিন (গ্রাম);

(গ) মোট ফ্যাট, স্যাচুরেটেড ফ্যাট এবং ট্রান্স ফ্যাট;

(ঘ) শর্করা (গ্রাম) এবং মোট চিনি (গ্রাম);

(ঙ) সোডিয়াম (মিলিগ্রাম); এবং

(চ) লবণ।

তবে শর্ত থাকে যে, তফসিল-(৩) এর দফ-৭ এ বর্ণিত খাদ্য ব্যতীত মোড়কাবদ্ধ খাদ্যের মোড়কের সামনের অংশে উপ-প্রবিধান ১০ (১) এ উল্লিখিত পুষ্টি-সংক্রান্ত তথ্য; (ক) মোট চিনি, (খ) সোডিয়াম লবণ ও (গ) স্যাচুরেটেড ফ্যাট সংক্রান্ত ঘোষণা ফ্রন্ট অব প্যাকেজ ল্যাবেলিং (FoPL)-এ তফসিল (৩) অনুসারে করিতে হইবে।

(২) উপ-প্রবিধান ১০ (১) এ উল্লিখিত পুষ্টি ঘোষণার বিষয়বস্তুর সহিত নিম্নবর্ণিত উপকরণের পরিমাণ সংযোজন করা যাইবে, যথা:-

(ক) মনো-আনস্যাচুরেটস (mono-unsaturates);

(খ) পলি-আনস্যাচুরেটস (poly-unsaturates);

(গ) পলিওল (poly-ol);

(ঘ) আঁশ (Fibre); এবং

(ঙ) কোলেস্টেরল (cholesterol) (মিলিগ্রাম)।

(৩) কেবল প্রাকৃতিক কারণে, কোনো খাদ্য বা খাদ্যপণ্যে লবণের উপস্থিতি থাকিলে, উহার পুষ্টিতথ্য ঘোষণার পাশাপাশি, ইহার স্বপক্ষে একটি বিবৃতি দেওয়া যাইতে পারে।

(৪) তবে শর্ত থাকে যে, কোনো খাদ্যে খনিজ, প্রোটিন, ভিটামিন, অ্যামিনো অ্যাসিড বা উৎসেচক (enzyme)-এর মতো পুষ্টি উপাদান সংযোজন করা হইয়াছে বলিয়া দাবি করা হইলে লেবেলে সংযোজনকৃত পুষ্টির পরিমাণ লিপিবদ্ধ করিতে হইবে।

(৫) এই প্রবিধানমালার উদ্দেশ্য পূরণকল্পে, নিম্নলিখিত সংজ্ঞাগুলি প্রযোজ্য হইবে:-

(ক) “সুগার” বলিতে সমস্ত মনোস্যাকারাইড (গ্লুকোজ, ফুক্টোজ, ইত্যাদি) এবং ডাইস্যাকারাইডস (মল্টোজ, সুক্রোজ, ল্যাকটোজ, ইত্যাদি) কে বুঝাইবে;

(খ) “অ্যাডেড সুগার” বলিতে খাবার ও পানীয়তে যোগ করা মনোস্যাকারাইড এবং ডাইস্যাকারাইডস কে বুঝাইবে;

(গ) “টোটাল ফ্যাট” বলিতে স্যাচুরেটেড ফ্যাট, মনোআনস্যাচুরেটেড ফ্যাট, পলিআনস্যাচুরেটেড ফ্যাট এবং ট্রান্স-ফ্যাট সহ মোট লিপিড কে বুঝাইবে;

(অ) “স্যাচুরেটেড ফ্যাট” বলিতে ডাবল বন্ড ব্যতীত ফ্যাট অ্যাসিড কে বুঝাইবে;

(আ) “মনোআনস্যাচুরেটেড ফ্যাট” বলিতে একটি সিস (cis) দ্বিবন্ধন সহ ফ্যাট অ্যাসিড কে বুঝাইবে;

(ই) “পলিআনস্যাচুরেটেড ফ্যাট” বলিতে সিস-সিস (cis-cis) মিথিলিন যুক্ত দ্বিবন্ধন সহ ফ্যাট অ্যাসিড কে বুঝাইবে;

(ঈ) “ট্রান্স ফ্যাট অ্যাসিড বা টিএফএ (Trans Fatty Acid or TFA)” অর্থ এক বা একাধিক ট্রান্স দ্বিবন্ধন রহিয়াছে এইরূপ ১৪, ১৬, ১৮, ২০ অথবা ২২টি কার্বনবিশিষ্ট ফ্যাট অ্যাসিডের আইসোমারসমূহের সমষ্টি (যেমন: C14:1, C16:1, C18:1, C18:2, C18:3, C20:1, C20:2, C22:1, C22:2 ফ্যাট অ্যাসিডের ট্রান্স আইসোমার) কিন্তু পলিআনস্যাচুরেটেড ফ্যাট অ্যাসিডের ক্ষেত্রে মিথিলিনযুক্ত কার্বন-কার্বন দ্বিবন্ধনবিশিষ্ট ফ্যাট অ্যাসিড;

(ঐ) “পুষ্টি” বলিতে বুঝাইবে খাদ্যের একটি উপাদান, যাহা:

(অ) শক্তি প্রদান করিয়া থাকে; বা

(আ) এর নির্দিষ্ট বিপাকীয় বা শারীরবৃত্তীয় কার্য রহিয়াছে; বা

(ই) বৃদ্ধি ও বিকাশ এবং সুস্থ জীবনের রক্ষণাবেক্ষণের জন্য অত্যাৱশ্যকীয়।

(৬) নিম্নবর্ণিত খাদ্যের ক্ষেত্রে বাধ্যতামূলক পুষ্টিতথ্য ঘোষণার বাধ্যবাধকতা থাকিবে নাঃ-

(ক) ন্যূনতম প্রক্রিয়াজাত খাদ্য যেমনঃ গম, চাল, শস্যকণা, ডাল, ফল ও সবজি এবং/অথবা ন্যূনতম প্রক্রিয়াজাত একক উপকরণ দ্বারা গঠিত খাদ্যপণ্য;

ব্যাখ্যা।— ন্যূনতম প্রক্রিয়াজাত খাদ্য অর্থ খাদ্যের পুষ্টি উপাদানের উল্লেখযোগ্য পরিবর্তন না করিয়া সংরক্ষণের মূল উদ্দেশ্যে ন্যূনতম পরিবর্তিত খাদ্য। ভক্ষণযোগ্য নয় বা অবাঞ্ছিত অংশ, পরিষ্কার এবং অপসারণ, গ্রাইন্ডিং, রেফ্রিজারেশন, ফ্রিজিং এবং ভ্যাকুয়াম-প্যাকেজিং ইহার অন্তর্ভুক্ত হইবে।

(খ) একক উপকরণ দ্বারা গঠিত প্রক্রিয়াজাত পণ্য যাহা কেবল পরিপক্ককরণের নিমিত্ত প্রক্রিয়াকরণ করা হইয়াছে;

(গ) কেবল কার্বন ডাই অক্সাইড যুক্ত পান উপযোগী পানি;

(ঘ) স্প্রিংক্লার মসলা (Sprinkler masala) (সেরাসরি ভক্ষণ উপযোগী মসলা) ব্যতীত ভেষজ মশলা বা এর মিশ্রণ/কারি পাউডার;

(ঙ) লবণ এবং লবণের বিকল্প;

(চ) টেবিলটপ মিষ্টিকারক;

(ছ) কফির নির্যাস এবং চিকোরির নির্যাস, পুরো বা চূর্ণ কফি বিনস এবং সমগ্র বা চূর্ণ ক্যাফেইন মুক্ত (decaffeinated) কফি বিনস, কফি, ক্যাফেইন মুক্ত কফি, দ্রবণীয় কফি পাউডার, কফি চিকোরি মিশ্রণ;

(জ) ভেষজ এবং ফলের তরলসার (infusions) চা, ক্যাফেইন মুক্ত চা, তাৎক্ষণিক বা দ্রবণীয় চা বা চায়ের নির্যাস, ক্যাফেইন মুক্ত তাৎক্ষণিক বা দ্রবণীয় চা বা চায়ের নির্যাস, যাহাতে স্বাদ ছাড়া অন্য উপকরণ যুক্ত থাকে না, যাহা চায়ের পুষ্টিতথ্য পরিবর্তন করে না;

(ঝ) গাঁজনকৃত ভিনেগার এবং ভিনেগারের বিকল্প, যেখানে কেবল স্বাদকারক দ্রব্য সংযোজন করা হইয়াছে;

(ঞ) স্বাদকারক দ্রব্য, খাদ্য সংযোজন দ্রব্য, প্রক্রিয়াকরণ সহায়ক দ্রব্য, খাদ্য উৎসেচক (enzyme), জেলাটিন, ইস্ট;

(ট) চুইংগাম এবং বাবল গাম; এবং

(ঠ) স্বাস্থ্যের পরিপূরক, নিউট্রাসিউটিক্যালস এবং বিশেষ খাদ্যতালিকাগত ব্যবহারের নিমিত্ত খাদ্য (FSDU) ট্যাবলেট এবং ক্যাপসুল, ম্যাক্রোনিউট্রিয়েন্টের ক্ষেত্রে যেখানে শক্তি উৎস উপেক্ষণীয়।

শর্ত থাকে যে, উপ-প্রবিধান ১০ (৬) এ উল্লিখিত খাদ্যের লেবেলে কোনো পুষ্টি বা স্বাস্থ্য দাবি করা হইলে পুষ্টিতথ্য লিপিবদ্ধ করিতে হইবেন।

(৭) ভোজ্য তেলের প্রতিটি মোড়কে, হাইড্রোজেনেটেড বা আংশিকভাবে হাইড্রোজেনেটেড, ইন্টার-এস্টেরিফাইড (inter-esterified), উল্টিজ চর্বি, ভোজ্য চর্বি, মার্জারিন এবং ফ্যাট স্প্রেড (মিশ্র চর্বি স্প্রেড এবং উল্টিজ ফ্যাট স্প্রেড)-এ মনোআনস্যাচুরেটেড ফ্যাটি অ্যাসিড, পলিআনস্যাচুরেটেড ফ্যাটি অ্যাসিড, ওমেগা-৩ ফ্যাটি অ্যাসিড এবং ওমেগা-৬ ফ্যাটি অ্যাসিড এর পরিমাণ লেবেলে ঘোষণা করিতে হইবে।

(৮) স্যাচুরেটেড ফ্যাট এবং ট্রান্স-ফ্যাটের পরিমাণ “----- এর অধিক নয়” মর্মে লেবেলে ঘোষণা করা যাইতে পারে।

(৯) পুষ্টির গণনা: এই প্রবিধানের উদ্দেশ্য পূরণকল্পে, পুষ্টিউপাদানের পরিমাণের গণনা নিম্নবর্ণিত উপায়ে করিতে হইবেঃ-

(ক) শক্তির গণনা: পুষ্টিতথ্যে শক্তির পরিমাণ নিম্নলিখিত রূপান্তর ফ্যাক্টর ব্যবহার করিয়া গণনা করিতে হইবে:

(ক) শর্করা	৪ কিলোক্যালোরি/গ্রাম
(খ) আমিষ	৪ কিলোক্যালোরি/গ্রাম
(গ) চর্বি	৯ কিলোক্যালোরি/গ্রাম

(খ) প্রোটিনের গণনাঃ- তালিকাভুক্ত প্রোটিনের পরিমাণ নিম্নোক্ত সূত্র ব্যবহার করিয়া গণনা করিতে হইবে:

প্রোটিন = মোট জেলডাল (Kjeldahl) নাইট্রোজেন \times ৬.২৫ (যদি না ভিন্ন কোনো ফ্যাক্টর বৈজ্ঞানিকভাবে যুক্তিসঙ্গত না হইলে ইহা ব্যবহার করা যাইতে পারে)

তবে শর্ত থাকে যে দুগ্ধপ্রোটিন গণনার ক্ষেত্রে রূপান্তর ফ্যাক্টর ৬.৩৮ ব্যবহার করিতে হইবে।

(১০) লেবেলে ঘোষিত পুষ্টি পরিমাণের প্রতিপালন প্রতিষ্ঠিত পদ্ধতি মোতাবেক হইতে হইবে।

ব্যাখ্যা।- এই বিধানের উদ্দেশ্য সাধনে, পুষ্টি উপাদানের ঘোষিত পরিমাণ মূল্যায়ন করিবার উদ্দেশ্যে বিশ্লেষণের সময়, উহার শেফ-লাইফ, সংরক্ষণ, এবং খাদ্যের অন্তর্নিহিত প্রকৃতি, পণ্যে পুষ্টির পরিবর্তনশীলতা, প্রাকৃতিকভাবে পুষ্টি উপাদানটি বিদ্যমান বা সংযোজিত কিনা তাহা বিবেচনা করিতে হইবে।

১১। উৎপাদনকারী বা খাদ্যব্যবসায়ী এর নাম এবং সম্পূর্ণ ঠিকানার ঘোষণা।— ট্রেড লাইসেন্স অনুযায়ী নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণপূর্বক লেবেলে সুস্পষ্টভাবে খাদ্য বা খাদ্যপণ্য প্রস্তুতকারকের নাম ও পূর্ণ ঠিকানা উল্লেখ করিতে হইবে, যথা:-

(ক) একাধিক স্থলে প্রস্তুতকরণ ইউনিট সম্পন্ন প্রস্তুতকারকের ক্ষেত্রে নিবন্ধিত প্রধান কার্যালয়ের নাম ও পূর্ণ ঠিকানা;

(খ) প্রস্তুতকারক, মোড়কজাতকারক, বোতলজাতকারক বা টিনজাতকারক একাধিক সত্তা হইলে, সকল সত্তার নাম ও পূর্ণ ঠিকানা;

(গ) চুক্তিভিত্তিক প্রস্তুতকৃত খাদ্যপণ্যে প্রস্তুতকারকের নাম ও পূর্ণ ঠিকানা এবং বাজারজাতকারীর নাম ও পূর্ণ ঠিকানা;

(ঘ) ক্ষেত্রমত, নাম এবং ঠিকানার পূর্বে “প্রস্তুতকারক (Mfg by, Mfd by)” বা “বাজারজাতকারক (Mkt by)” বা “প্রস্তুতকারক ও বাজারজাতকারক” বা “মোড়কজাতকারক ও বাজারজাতকারক” এইরূপে উল্লেখ করিতে হইবে;

(ঙ) আমদানিকৃত খাদ্য বা খাদ্যপণ্যের ক্ষেত্রে প্রস্তুতকারকের নাম ও পূর্ণ ঠিকানা ছাড়াও আমদানিকারক সহ, প্রযোজ্য ক্ষেত্রে, পুনঃমোড়কজাতকারক, পুনঃবোতলজাতকারক, পুনঃটিনজাতকারক, বিতরণকারী এবং এজেন্টের নাম ও পূর্ণ ঠিকানা উল্লেখ করিতে হইবে।

১২। আমদানিকৃত খাদ্যের উৎপত্তির দেশ ।—(১) বাংলাদেশে আমদানিকৃত খাদ্যের লেবেলে উহার উৎপত্তির দেশের নাম (উৎপাদক/উৎপাদকের নাম এবং সম্পূর্ণ ঠিকানা) ঘোষণা করিতে হইবে;

(২) এই প্রবিধানের উদ্দেশ্য পূরণকল্পে একটি খাদ্য দ্বিতীয় কোনো দেশে প্রক্রিয়াকরণের ফলে তাহার প্রকৃতির পরিবর্তন এবং HS (Harmonized System) কোডের ৬-সংখ্যার স্তরে পরিবর্তন হইলে দেশটি উক্ত খাদ্যের উৎপত্তির দেশ হিসেবে বিবেচিত হইবে।

১৩। তারিখ লিপিবদ্ধকরণ ।— (১) “মোড়কীকরণ বা উৎপাদনের তারিখ” ও “মেয়াদ উত্তীর্ণের/ব্যবহারের সর্বশেষ তারিখ” একত্রে লিখিতে হইবে;

তবে শর্ত থাকে যে, দীর্ঘমেয়াদী সংরক্ষণকালসম্পন্ন খাদ্যপণ্যের ক্ষেত্রে “উত্তম ভোগের সর্বোচ্চ তারিখ” অমোচনীয় কালি দ্বারা বা খোদাই করিয়া লিখিতে হইবে।

(২) উৎপাদন বা মোড়কীকরণের তারিখ/মেয়াদ উত্তীর্ণের তারিখ/ব্যবহারের সর্বশেষ তারিখ/উত্তম ভোগের সর্বোচ্চ তারিখ নিম্নরূপে ঘোষণা করিতে হইবে;

ক) ৩ মাস মেয়াদী সংরক্ষণকালসম্পন্ন খাদ্যপণ্যের ক্ষেত্রে তারিখ, মাস এবং বছর (DD/MM/YY) আকারে লিখিতে হইবে;

খ) ৩ মাসের বেশী মেয়াদী সংরক্ষণকালসম্পন্ন খাদ্যপণ্যের ক্ষেত্রে মাস এবং বছর (MM/YY) আকারে লিখিতে হইবে;

তবে শর্ত থাকে যে, ৩ মাসের বেশী মেয়াদী সংরক্ষণকালসম্পন্ন খাদ্যপণ্যের ক্ষেত্রেও তারিখ, মাস এবং বছর (DD/MM/YY) আকারে লিপিবদ্ধ করা যাইবে;

গ) লেবেলে মেয়াদ উত্তীর্ণের তারিখের পূর্বে “মেয়াদ উত্তীর্ণ” (Expiry) বা “মেয়াদ” (Exp) বা “সর্বশেষ ব্যবহার” (Use by) অভিব্যক্তি ব্যবহার করিতে হইবে;

ঘ) উত্তম ভোগের সর্বোচ্চ তারিখের পূর্বে “উত্তম ভোগের সর্বোচ্চ তারিখ” অভিব্যক্তি ব্যবহার করিতে হইবে।

(ঙ) মেয়াদ উত্তীর্ণ বা সর্বশেষ ব্যবহারের তারিখের যথাযথতা খাদ্য সংরক্ষণের কোনো বিশেষ শর্তের উপর নির্ভর করিলে লেবেলে উহা ঘোষণা করিতে হইবে, ক্ষেত্রমত, মোড়ক উন্মুক্ত পরবর্তী কোনো সংরক্ষণ নির্দেশনা থাকিলে উহাও ঘোষণা করিতে হইবে;

(চ) খাদ্যের যথাযথ উপযোগিতা নিশ্চিত করিতে প্রযোজ্য ক্ষেত্রে পুনঃপ্রস্তুত পদ্ধতি সহ ব্যবহারবিধি অথবা স্বাস্থ্য ও খাদ্য নিরাপদতার জন্য প্রয়োজনীয় নির্দেশনাবলি (যেমন, “খোলার পরে ফ্রিজে রাখুন”, “ঠান্ডা এবং শুষ্ক স্থানে রাখুন” ইত্যাদি) লেবেলে অন্তর্ভুক্ত করিতে হইবে;

(ছ) এই প্রবিধানমালায় অন্য কোনো নির্দেশনা না থাকিলে, নিম্নোক্ত খাদ্যপণ্যের জন্য মেয়াদ উত্তীর্ণের প্রযোজ্যতা থাকিবেনা;

- (অ) তাজা ফল ও আলু সহ অন্যান্য সবজি, যাহার খোসা ছাড়ানো বা কাটা বা অনুরূপ ভাবে প্রক্রিয়াজাত করা হয় নাই;
- (আ) ভিনেগার;
- (ই) চিনির সিরা দিয়ে প্রস্তুতকৃত মিষ্টান্ন;
- (ঈ) শিল্পে ব্যবহারের জন্য ফুডগ্রেড লবণ;
- (উ) কঠিন শর্করা (Solid sugars);
- (ঊ) চুইংগাম এবং বাবল গাম;

(জ) অ্যাসোর্টেড প্যাকের মধ্যস্থিত মোড়কাবদ্ধ বিভিন্ন খাদ্যের মধ্যে যাহার শেলফ-লাইফ সবচেয়ে কম তাহার শেলফ-লাইফ অ্যাসোর্টেড প্যাকের শেলফ-লাইফ হিসেবে লেবেলে ঘোষণা করিতে হইবে;

(ঝ) যদি অ্যাসোর্টেড প্যাকের মধ্যস্থিত খাদ্য ভিন্ন-ভিন্ন হয়, তবে প্রতিটি মোড়কে সকল বাধ্যতামূলক তথ্য থাকিতে হইবে এবং বহিঃস্থ মোড়কটি স্বচ্ছ না হইলে ও বাধ্যতামূলক তথ্যাবলি বাহির হইতে দৃশ্যমান না হইলে, বহিঃস্থ মোড়কে সকল বাধ্যতামূলক তথ্য থাকিতে হইবে;

তবে শর্ত থাকে যে, যদি অ্যাসোর্টেড প্যাকের মূল প্রদর্শনী প্যানেলের ক্ষেত্রফল ১০০বর্গ সেমি. হইতে কম হইলে, বহিঃস্থ মোড়কে খাদ্যের নাম(গুলি), নেট পরিমাণ এবং প্রযোজ্য ক্ষেত্রে অ্যালার্জেনের উপস্থিতি সংক্রান্ত ঘোষণা প্রদান করিতে হইবে।

১৪। লট/কোড/ব্যাচ শনাক্তকরণ নম্বর ।—(১) কোনো ব্যাচ নম্বর বা কোড নম্বর বা লট নম্বরের পূর্বে “লট নম্বর” বা “কোড নম্বর” বা “ব্যাচ নম্বর” অভিব্যক্তি লেবেলে বা কোনো অনন্য শনাক্তকরণ চিহ্ন দ্বারা ঘোষণা করিতে হইবে যাহার মাধ্যমে উৎপাদনে খাদ্য শনাক্ত এবং বিতরণে চিহ্নিত করা যাইবে;

(২) লেবেলে ব্যাচ নম্বরের পূর্বে “ব্যাচ নম্বর” বা “B” বা “লট নম্বর” বা “L” বা “কোড নম্বর” বা “LN/CN/BN” ইত্যাদি লিপিবদ্ধ করিতে হইবে।

১৫। নেট পরিমাণ ।—(১) মোড়কাবদ্ধ খাদ্যপণ্যের নেট ওজন এবং পরিমাণ নিম্নরূপে উল্লেখ করিতে হইবে, যথা:-

(ক) তরল খাদ্যের ক্ষেত্রে আয়তনের একক মিলিলিটার বা লিটার; এবং

(খ) তরল ব্যতীত অন্যান্য খাদ্যের ক্ষেত্রে ওজনের একক মিলিগ্রাম বা গ্রাম বা কিলোগ্রাম;

তবে শর্ত থাকে যে, “নেট” শব্দটি আবশ্যিকভাবে পরিমাণ ঘোষণার আগে বা পরে নির্দিষ্ট করিতে হইবে, যদি, শব্দটি পরিমাণের পরে ঘোষণা করা হইয়া থাকে, তবে ইহাকে প্রথম বন্ধনী দ্বারা আবদ্ধ করিতে হইবে।

(২) নেট পরিমাণ ঘোষণার পাশাপাশি, তরল মাধ্যমে মোড়কাবদ্ধ খাদ্যের ড্রেইন্ড ওয়েট (drained weight)-এর ঘোষণা বহন করিতে হইবে, এই উপপ্রবিধানের উদ্দেশ্য পূরণকল্পে, তরল মাধ্যম বলিতে একক বা সংমিশ্রণে পানি, চিনি ও লবণের জলীয় দ্রবণ, টিনজাত ফল ও সবজিতে ফল ও সবজির রস, বা ভিনেগার কে বুঝাইবে।

(৩) ওজন, পরিমাণ বা সংখ্যার একক ঘোষণা করিবার জন্য ব্যবহৃত ফন্টের বর্ণনা এবং আকার নিম্নরূপে হইবে:

(ক) পাঁচ ঘনসেন্টিমিটার বা তার কম ধারণক্ষমতা সম্পন্ন মোড়কের ক্ষেত্রে, মূল প্রদর্শনী প্যানেলটি একটি কার্ড বা ফিতা (tape) হইতে পারিবে যা প্যাকেজের সহিত দৃঢ়ভাবে সংযুক্ত থাকিবে এবং প্রয়োজনীয় তথ্য বহন করিবে;

(খ) মূল প্রদর্শনী প্যানেলে এই প্রবিধানের অধীন ঘোষিত যেকোনো সংখ্যার উচ্চতা নিম্নরূপে হইবেঃ

(অ) যদি নেট পরিমাণ ওজন বা আয়তনে প্রকাশ করা হইয়া থাকে তবে সারণী-০১ অনুসরণ করিতে হইবে;

(আ) যদি নেট পরিমাণ দৈর্ঘ্য, ক্ষেত্রফল বা সংখ্যার ভিত্তিতে প্রকাশ করা হইয়া থাকে তবে সারণী-০২ অনুসরণ করিতে হইবে;

(ই) ঘোষণায় উল্লিখিত অক্ষরগুলোর উচ্চতা ১ মিমি-এর কম হইবে না এবং ব্লোউন (blown), ফর্মড (formed), মোল্ডেড (molded), এমবসড (embossed) বা ছিদ্রকৃত হইলে, তখন অক্ষরের উচ্চতা ২মিমি-এর কম হইবে না:

তবে শর্ত থাকে যে, সংখ্যা “১” এবং অক্ষর (i), (I) এবং (l) ব্যতীত অক্ষর বা সংখ্যার প্রস্থ তার উচ্চতার এক-তৃতীয়াংশের কম হইবে না।

সারণি: ০১

সংখ্যার ন্যূনতম উচ্চতা

ক্রমিক সংখ্যা	ওজন/আয়তনের নেট পরিমাণ	ন্যূনতম উচ্চতা (মিমি)	
		সাধারণ কেস	যখন প্রস্ফুটিত, গঠন, ঢালাই, এমবসড এবং পাত্রে ছিদ্র করা হয়
১	২০০ গ্রাম/মিলি পর্যন্ত	১	২
২	২০০ গ্রাম/মিলি এর উপরে এবং ৫০০গ্রাম/মিলি পর্যন্ত	২	৪
৩	৫০০ গ্রাম/মিলি এর উপরে	৪	৬

সারণি: ০২

সংখ্যার ন্যূনতম উচ্চতা

ক্রমিক সংখ্যা	দৈর্ঘ্য, এলাকা বা সংখ্যা, মূল প্যানেলের ক্ষেত্রফলের নেট পরিমাণ	ন্যূনতম উচ্চতা (মিমি)	
		সাধারণ কেস	যখন প্রস্ফুটিত, গঠন, ঢালাই, এমবসড এবং পাত্রে ছিদ্র করা হয়
১	১০০ বর্গ সেন্টিমিটার পর্যন্ত	১	২
২	১০০ বর্গ সেন্টিমিটার এর উপরে এবং ৫০০ বর্গ সেন্টিমিটার পর্যন্ত	২	৪
৩	৫০০ বর্গ সেন্টিমিটার এর উপরে এবং ২৫০০ বর্গ সেন্টিমিটার পর্যন্ত	৪	৬
৪	২৫০০ বর্গ সেন্টিমিটার এর উপরে	৬	৬

উপ-প্রবিধান ১৫ (১) হইতে ১৫ (৩) এর অধীনে থাকা বিধানগুলি মোড়কের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না যদি এই বিধির অধীনে মোড়কে উল্লেখ করা তথ্যাদি আপাতত বলবৎ অন্য কোনো আইন দ্বারা বা তার অধীনে দেওয়ার প্রয়োজন হইয়া থাকে;

(৪) হিমায়িত খাদ্যপণ্যের ক্ষেত্রে, পণ্যের মিশ্রণের স্বাভাবিকতা, ঘনত্বের স্তর এবং সামঞ্জস্য বজায় রাখিবার জন্য প্রস্তুতকারক কর্তৃক নির্ধারিত তাপমাত্রায় উক্ত খাদ্যপণ্যের পরিমাণ নির্দিষ্ট করা হইবে।

১৬। মোড়কাবদ্ধ ভেজিটেরিয়ান বা নন-ভেজিটেরিয়ান খাদ্যের ঐচ্ছিক লেবেলিংয়ের জন্য বিশেষ শর্ত।— মোড়কাবদ্ধ ভেজিটেরিয়ান বা নন-ভেজিটেরিয়ান খাদ্য, খাদ্য সংযোজন দ্রব্য, প্রক্রিয়াকরণ সহায়ক ইত্যাদির উৎপাদনকারী,

নিম্নবর্ণিত পদ্ধতিতে যেখানে প্রযোজ্য “ভেজিটেরিয়ান” বা “নন-ভেজিটেরিয়ান” অভিব্যক্তি লেবেলে একটি প্রতীক এবং রঞ্জিন কোডের মাধ্যমে প্রদান করিতে পারিবে; লেবেলে ইহা বিপরীত পটভূমিতে মুদ্রিত হইবে;

(ক) আমিষ খাবারের ঘোষণা একটি বাদামী রঙের ভরা ত্রিভুজের মাধ্যমে বাদামী রূপরেখা সহ একটি বর্গক্ষেত্রের মধ্যে তৈরি করা হইবে (নিচে দেখানো হইয়াছে) যাহা নিচের সারণী:- ৪-এ উল্লিখিত ন্যূনতম আকারের চেয়ে কম হইবে না:



(খ) উল্লিখিত চিহ্ন ছাড়াও, যদি কোনো খাদ্য বা খাদ্যপণ্যে ডিম শুধুমাত্র নন-ভেজিটেরিয়ান উপকরণ হিসেবে থাকিলে প্রস্তুতকারক বা মোড়কজাতকারক বা বিক্রেতা আলাদাভাবে সেই বিষয়ে একটি ঘোষণা দিতে পারিবেন;

(গ) ভেজিটেরিয়ান খাদ্যের ঘোষণা একটি সবুজ রঙের ভরা বৃত্তের মাধ্যমে সবুজ রূপরেখা সহ একটি বর্গক্ষেত্রের মাধ্যমে করা হইবে (নিচে দেখানো হইয়াছে) এবং বৃত্তের ব্যাস ও বর্গক্ষেত্রের পার্শ্বগুলি নীচের সারণী:-৪ এ উল্লিখিত ন্যূনতম আকার হইতে কম হইবে না:



সারণী:- ধারা (ক) এবং (গ) এ উল্লিখিত প্রতীকের ব্যাসের পরিমাপ নিম্নরূপ হবে:-

সারণী: ৪

সংখ্যার ন্যূনতম উচ্চতা

ক্রমিক নং	মূল প্রদর্শিত প্যানেলের ক্ষেত্রফল (বর্গ সে.মি.)	বৃত্তের ব্যাসের ন্যূনতম আকার (মিমি)	ত্রিভুজের প্রতিটি বাহুর ন্যূনতম আকার (মিমি)
১	১০০ পর্যন্ত	৩	২.৫
২	১০০ এর উর্ধ্বে ৫০০ পর্যন্ত	৪	৩.৫
৩	৫০০ এর উর্ধ্বে ২৫০০ পর্যন্ত	৬	৫
৪	২৫০০ এর উর্ধ্বে	৮	৭

ব্যাখ্যা। এই প্রবিধানের উদ্দেশ্যপূরণকল্পে :-

(ক) “নন-ভেজিটেরিয়ান খাদ্য” বলিতে এইরূপ খাদ্যকে বুঝাইবে, যাহা সম্পূর্ণরূপে বা আংশিকভাবে প্রাণিজ উৎস হইতে প্রস্তুতকৃত, যেমন- পশু, পাখি, মৎস্য ও ডিমসহ অন্যান্য প্রাণিজ উপাদান, তবে দুগ্ধ ও দুগ্ধজাতীয় খাদ্যপণ্য ইহার অন্তর্ভুক্ত হইবে না; এবং

(খ) “ভেজিটেরিয়ান খাদ্য” বলিতে প্রাণিজ খাদ্যোপকরণ ব্যতীত অন্যান্য সকল খাদ্য বা খাদ্যপণ্যকে বুঝাইবে।

(৩) এই ধারা প্রবিধান ১৫ এর বিধানাবলি আনুষায়ী খনিজ পানি, মোড়কাবদ্ধ পানীয়, কার্বনেটেড পানীয়, তরল দুগ্ধ, গুঁড়া দুগ্ধ এবং মধুতে প্রযোজ্য হইবে না।

১৭। ভেজিটেরিয়ান বা নন-ভেজিটেরিয়ান চিহ্ন ব্যতীত বাধ্যতামূলক ঘোষণার জন্য ব্যবহৃত অক্ষর বা সংখ্যার পরিমাপ হইবে।— এই প্রবিধানমালার অধীন মূল প্যানেলে যেকোন সংখ্যা এবং অক্ষরের উচ্চতা সারণী ৫-এর অনুরূপ হইবে:

সারণি: ৫

সংখ্যা এবং অক্ষরের ন্যূনতম উচ্চতা

ক্রমিক নং	দৈর্ঘ্য, এলাকা বা সংখ্যা, মূল প্যানেলে ক্ষেত্রফলের নেট পরিমাণ	সংখ্যা এবং অক্ষরের ন্যূনতম উচ্চতা (মিমি)	
		সাধারণ ক্ষেত্রে	যখন প্রস্ফুটিত, গঠন, ঢালাই, এমবসড এবং পাত্রে ছিদ্র করা হয়
১	১০০ বর্গ সেন্টিমিটার পর্যন্ত	১	২
২	১০০ বর্গ সেন্টিমিটার এর উপরে এবং ৫০০ বর্গ সেন্টিমিটার পর্যন্ত	২	৪
৩	৫০০ বর্গ সেন্টিমিটার এর উপরে এবং ২৫০০ বর্গ সেন্টিমিটার পর্যন্ত	৪	৬
৪	২৫০০ বর্গ সেন্টিমিটার এর উপরে	৬	৬

১৮। মূল-প্যানেলের ক্ষেত্রফল ১—(১) প্রবিধান ১৬ ও ১৭-এর উদ্দেশ্যপূরণকল্পে মূল প্যানেলের ক্ষেত্রফল নিম্নোক্ত পদ্ধতিতে গণনা করিতে হইবে:

- (ক) আয়তাকার মোড়কের ক্ষেত্রে, মোড়কের যেই অংশের ক্ষেত্রফল সবচেয়ে বেশি তার উচ্চতা এবং প্রস্থের গুণফলের চল্লিশ শতাংশ;
- (খ) নলাকার বা প্রায় নলাকার, গোলাকার বা প্রায় গোলাকার, ডিম্বাকার বা প্রায় ডিম্বাকার মোড়কের ক্ষেত্রে, এইরূপ মোড়কের উচ্চতা এবং গড় পরিধির গুণফলের চল্লিশ শতাংশ; বা
- (গ) অন্য কোন আকৃতির মোড়কের ক্ষেত্রে, উক্ত মোড়কের মোট পৃষ্ঠতলের ক্ষেত্রফলের বিশ শতাংশ;
- (ঘ) দশ ঘন সেন্টিমিটার বা তার কম ধারণক্ষমতা সম্পন্ন মোড়কের ক্ষেত্রে, মূল প্যানেলটি মোড়কের সাথে দৃঢ়ভাবে সংযুক্ত কার্ড বা টেপ (tape) হইতে পারে এবং এই প্রবিধানের অধীনে প্রয়োজনীয় তথ্য বহন করিবে;
- (২) আরও শর্ত থাকে যে, ফেরতযোগ্য কাঁচের বোতলের মুকুট (crown) বা ছিপিতে (closure) এই প্রবিধানের অধীন প্রয়োজনীয় সংখ্যা বা অক্ষর ঘোষণার ক্ষেত্রে ইহার আকার ১ মিমি-এর কম হইবে না।
- (৩) সংখ্যা “১” এবং অক্ষর (i), (I) এবং (l) ব্যতীত অক্ষর বা সংখ্যার প্রস্থ তার উচ্চতার এক তৃতীয়াংশের কম হইবে না।

১৯। নন-রিটেইল মোড়কের লেবেলিং-এর শর্তাবলি ১—(১) নন-রিটেইল পর্যায়ে বিক্রয়ের ক্ষেত্রে প্রতিটি মোড়কবদ্ধ খাদ্যের ধারণপাত্রে বা সংযুক্ত লেবেলে নিম্নবর্ণিত বাধ্যতামূলক তথ্য প্রদান করিতে হইবে:

- (ক) খাদ্যের নাম;
- (খ) খাদ্যপণ্যের নিরাপদতা বা বিশুদ্ধতা রক্ষার্থে তারিখ চিহ্নিতকরণ এবং সংরক্ষণের নির্দেশনাবলি;
- (গ) লট নং / ব্যাচ নং / কোড নং এবং
- (ঘ) প্রস্তুতকারক বা মোড়কজাতকারকের নাম এবং ঠিকানা (আমদানিকৃত মোড়কের ক্ষেত্রে উৎস দেশ সহ)।
- (২) নিম্নবর্ণিত তথ্যাবলি লেবেলে প্রদান করা না হইলে সংযুক্ত দলিলে তাহা প্রদান করিতে হইবে:
- (ক) উপাদানের তালিকা এবং
- (খ) নেট পরিমাণ।

তবে শর্ত থাকে যে, নন-রিটেইল ধারণপাত্রের খাদ্যের ক্ষেত্রে প্রবিধান ১৭ এর অধীন প্রয়োজনীয় তথ্যাবলি শনাক্তকরণ যোগ্য হইতে হইবে:

আরও শর্ত থাকে যে, নন-রিটেইল ধারণপাত্রস্থ মোড়কাবদ্ধ খাদ্যের লেবেলে উপ-প্রবিধান ২৩ এর (১) এবং (২) এর অধীনে প্রয়োজনীয় তথ্যাবলি প্রদান করিলে, উক্ত তথ্যাবলি নন-রিটেইল ধারণপাত্রে প্রদান করিতে হইবে না।

(৩) খাদ্য পরিবহনে ব্যবহৃত লেবেল ধারণ করার জন্য অনুপযুক্ত নন-রিটেইল ধারণপাত্রের ক্ষেত্রে যাহা, উপ-প্রবিধান ২৩ এর (১) এবং (২) এর অধীনে প্রয়োজনীয় তথ্যাবলি সংযুক্ত দলিলে বা উপযুক্ত অন্যান্য মাধ্যমে সরবরাহ করিতে হইবে (যেমন, খাদ্য ব্যবসায়ীদের মধ্যে ইলেকট্রনিক উপায়ে) এবং তথ্যাবলি শনাক্তকরণ যোগ্য হইতে হইবে;

(৪) নন-রিটেইল বিক্রয়যোগ্য প্রতিটি মোড়ক নন-রিটেইল ধারণপাত্র হিসেবে শনাক্তযোগ্য হইতে হইবে, যদি নন-রিটেইল ধারণপাত্র হিসেবে শনাক্তযোগ্য না হইয়া থাকে, তবে ধারণপাত্রে খাদ্যটি সরাসরি ভোক্তার নিকট বিক্রয়যোগ্য নহে অথবা নন-রিটেইল ধারণপাত্র হিসেবে সুস্পষ্টভাবে চিহ্নিত করিতে পারে এইরূপ বিবৃতি প্রদান করিতে হইবে (যথা: “নন-রিটেইল ধারণপাত্র”, “নন-রিটেইল ধারণপাত্র-ভোক্তার নিকট সরাসরি বিক্রয়যোগ্য নহে”, “ভোক্তার নিকট সরাসরি বিক্রয়যোগ্য নহে” ইত্যাদি)।

২০। মোড়কাবদ্ধ প্রক্রিয়াজাত দুগ্ধ লেবেলিং এর ক্ষেত্রে বিশেষ শর্তাবলি ।—(১) প্রক্রিয়াজাত দুগ্ধের ক্ষেত্রে নিম্নবর্ণিত নিয়ম ও পদ্ধতি অনুসরণ করিয়া লেবেলিং করিতে হইবে, যথা:-

(ক) “ননীমুক্ত দুগ্ধ” বা “পাস্তুরিত দুগ্ধ” বা অন্য কোনো প্রক্রিয়াজাত দুগ্ধের ক্ষেত্রে পাত্রের গাত্রে “ননীমুক্ত দুগ্ধ” বা “পাস্তুরিত দুগ্ধ” অভিব্যক্তিটি স্পষ্টাক্ষরে উল্লেখ করা ছাড়াও, ক্ষেত্রমত, নীর পরিমাণ, নেট দুগ্ধের পরিমাণ ও ব্যবহৃত উপকরণের তালিকা স্পষ্টাক্ষরে উল্লেখ করিতে হইবে;

(খ) ঘনীভূত দুগ্ধ, মিষ্ট বা অমিষ্ট পূর্ণ ননীযুক্ত বা অর্ধ ননীযুক্ত অথবা ননীমুক্ত যে অবস্থায়ই হোক না কেন, প্রতিটি পাত্রের গাত্রে “শিশুদের উপযোগী নহে” অভিব্যক্তিটি স্পষ্টভাবে লিপিবদ্ধ করিতে হইবে; এবং

(গ) পূর্ণ ননীযুক্ত এবং ননীমুক্ত উভয় প্রকারের শুকনা গুঁড়া দুগ্ধের ক্ষেত্রে প্রতিটি পাত্রের গাত্রে উৎপাদন পদ্ধতি (স্প্রে, রোলার বা ফ্রিজ ড্রাইং) স্পষ্টাক্ষরে লিপিবদ্ধ করিতে হইবে এবং মিষ্ট বা অমিষ্ট ননীমুক্ত শুকনা দুগ্ধের ক্ষেত্রে “শিশুদের উপযোগী নয়” অভিব্যক্তিটি স্পষ্টভাবে লিপিবদ্ধ করিতে হইবে।

২১। অন্যান্য শর্তাবলি ।- নিম্নলিখিত উপকরণ/খাদ্য সংযোজন দ্রব্যের প্রতিটি মোড়কে পৃথক আয়তক্ষেত্রাকার বাক্সে লেবেলে নিম্নলিখিত ঘোষণাগুলি বহন করিবে:-

ক্রমিক নং	উপকরণ/খাদ্য সংযোজন দ্রব্য	ঘোষণা/মন্তব্য
১।	১০ শতাংশ বা তার বেশি পলিওল বা পলিডেক্সট্রোজ	পলিওল বা পলিডেক্সট্রোজ এর রেচক প্রভাব (laxative effect) থাকিতে পারে;
২।	ফুড গ্রেড মোমে আবৃত পনির (সমূহ)	খাদ্যগ্রহণের পূর্বে আবৃত মোম অপসারণ করিতে হইবে;
৩।	হিমায়িত মিষ্টান্ন (Desert) /হিমায়িত কনফেকশন	হিমায়িত মিষ্টান্ন (Desert)/হিমায়িত কনফেকশন-ভোজ্য উত্তিজ তেল*/এবং উত্তিজ চর্বি হইতে প্রস্তুত;
৪।	মোমাবৃত তাজা ফল	মোমাবৃত (মোমের নাম প্রদান করিতে হইবে);

৫।	খাদ্য ভোগের জন্য ব্যবহৃত জেলাটিন	উৎস সহ (প্রাণীজ/উদ্ভিজ) ফুড গ্রেড জেলাটিন;
৬।	একবার ব্যবহারযোগ্য প্লাস্টিকের বোতলে মোড়কাবদ্ধ পানি এবং খনিজ পানি (mineral water)	ব্যবহারের পরে বোতল চূর্ণ করুন অথবা দায়িত্বশীল উপায়ে বোতলটি ধুৎস করুন;
৭।	উদ্ভিজ স্ট্যানল এস্টার যুক্ত খাদ্যপণ্য	(ক) উদ্ভিজ স্ট্যানল এস্টার রহিয়াছে (উদ্ভিজ স্ট্যানল হিসাবে) --- গ্রাম(g)/১০০গ্রাম(g)/ বা ১০০মিলি(ml); (খ) কোলেস্টেরল কমানোর ওষুধ সেবনকারীকে চিকিৎসকের তত্ত্বাবধানে পণ্যটি ব্যবহার করিতে হইবে; (গ) গর্ভবতী এবং স্তন্যদানকারী মহিলা এবং পাঁচ বছরের কম বয়সী শিশুদের জন্য পুষ্টির দিক হইতে উপযুক্ত নাও হইতে পারে; (ঘ) দৈনিক ৩ গ্রাম(g)-এর অধিক মোট স্টেরল, স্ট্যানল বা এর সংমিশ্রণ গ্রহণ পরিহার করা উচিত;
৮।	ট্রিহ্যালোজ (Trehalose) যুক্ত খাদ্যপণ্য	ট্রিহ্যালোজ (Trehalose) যুক্ত
৯।	“টেবিলটপ সুইটেনার” হিসেবে বিপণনকৃত- এসপারটেম (মিথাইল এস্টার), এসিসালফেম পটাশিয়াম (Acesulfame Potassium), এসপারটেম-এসিসালফেম (Aspartame-Acesulfame), লবণ, সুক্রালোজ (Sucralose), স্যাকারিন (Saccharins), নিওটেম (Neotame), স্টিভিয়েল গ্লুকোসাইড (Steviol Glycoside) এবং পলিওলস (Polyols)	(ক) ফিনাইলকিটোনিউরিঞ্জ (phenylketonurics), গর্ভবতী এবং স্তন্যদানকারী মায়েদের জন্য উপযুক্ত নয় (এসপারটেম (মিথাইল এস্টার) এর ক্ষেত্রে); (খ) গর্ভবতী, স্তন্যদানকারী মা এবং শিশুদের জন্য উপযুক্ত নয় (এসিসালফেম পটাশিয়াম এর ক্ষেত্রে); (গ) ফিনাইলকিটোনিউরিঞ্জ (phenylketonurics), গর্ভবতী এবং স্তন্যদানকারী মা ও শিশুদের জন্য উপযুক্ত নয় (এসপারটেম-এসিসালফেম লবণ এর ক্ষেত্রে); (ঘ) শিশুদের জন্য উপযুক্ত নয় (স্যাকারিনের ক্ষেত্রে); (ঙ) পলিওলের রেচক প্রভাব (laxative effect) থাকতে পারে (পলিওলের ক্ষেত্রে);

১০।	(ক) আয়নায়ন বিকিরিত খাদ্য (খ) বিকিরণের মাধ্যমে প্রক্রিয়াজাত খাদ্য	(ক) বিকিরণ পদ্ধতি সম্পর্কিত লিখিত বিবৃতি খাদ্যের নামের সন্নিহিত থাকিবে; (খ) নিম্নে প্রদত্ত বিকিরণ লোগোটি সবুজ রঙের হইবে যাহার সাথে নিম্নলিখিত ঘোষণা থাকিবে: (অ) বিকিরণের দিন, মাস ও বছর; (আ) বিকিরণ একক;  (গ) বিকিরিত খাদ্য অন্য কোনো খাদ্যের উপকরণ হিসেবে ব্যবহার করা হইলে, ইহা উপকরণের তালিকায় ঘোষণা করিতে হইবে;
১১।	কফি এবং চিকোরির মিশ্রণ খারণকারী মোড়কাবদ্ধ খাদ্য	কফি এবং চিকোরি থেকে প্রস্তুতকৃত ইনস্ট্যান্ট কফি-চিকোরি মিশ্রণ; এই মিশ্রণে রয়েছে, কফি..... শতাংশ, চিকোরি..... শতাংশ;
১২।	মোড়কাবদ্ধ খনিজ পানি যেখানে ব্র্যান্ডের নাম কোনো এলাকা, গ্রাম বা নির্দিষ্ট স্থানকে আখ্যায়িত করে	এলাকা, গ্রাম বা নির্দিষ্ট স্থানের নাম;
১৩।	নিম্ন ননীযুক্ত দুগ্ধ	“নিম্ন ননীযুক্ত দুগ্ধ”;
১৪।	পাস্তুরিত দুগ্ধ	“পাস্তুরিত দুগ্ধ”;
১৫।	গুঁড়া দুগ্ধ	উৎপাদন পদ্ধতি (স্প্রে, রোলার বা ফ্রিজ ড্রাইং);
১৬।	মিষ্টি বা মিষ্টি নয় এমন ক্রিম	“ইনফ্যান্টদের (০ থেকে ১২ মাস) জন্য উপযুক্ত নয়” ।

২২। বংশগত বৈশিষ্ট্য পরিবর্তনকৃত মোড়কাবদ্ধ খাদ্য লেবেলিং এর বিশেষ শর্ত ।—কৃষিজাত পণ্য বংশগত বৈশিষ্ট্য পরিবর্তনের মাধ্যমে উৎপাদিত হইলে উহার মোড়কের লেবেলে “জিএম খাদ্য (Genetically Modified Food)” অভিব্যক্তি উল্লেখ করিতে হইবে।

২৩। অব্যাহতি ।—(১) মোড়কের পৃষ্ঠতলের ক্ষেত্রফল ১০০ বর্গ সেন্টিমিটারের বেশি না হইলে, মোড়কের লেবেলে উপকরণের তালিকা, লট, ব্যাচ বা কোড নম্বর, পুষ্টিতথ্য, বিকিরিত খাদ্যের লেবেলিংয়ের শর্তাবলি, খাদ্যসংযোজন দ্রব্যের ঘোষণা, আমদানিকৃত খাদ্যপণ্যের ক্ষেত্রে প্রস্তুতকারকের নাম, সম্পূর্ণ ঠিকানা এবং ব্যবহারের নির্দেশাবলি লিপিবদ্ধ করিতে হইবে না:

তবে শর্ত থাকে যে, উপরে বর্ণিত তথ্যাবলি মাল্টি-ইউনিট মোড়কে প্রদান করিতে হইবে;

(২) মোড়কাবদ্ধ খাদ্যের উৎস সনাক্তকরণের নিমিত্ত উহার প্রস্তুতকারীকে, যথাসম্ভব স্বল্পতম সময়ের মধ্যে, লেবেলে রেখা সংকেত প্রচলনের উদ্যোগ গ্রহণ করিতে হইবে; তবে, রেখা সংকেতের ব্যবহার বাস্তবায়ন না হওয়া পর্যন্ত, উৎস সনাক্তকরণের যাবতীয় তথ্য, যেমন-কাঁচামাল, খাদ্যোপকরণ এবং মোড়কজাত খাদ্য উৎপাদন ও বিতরণের সকল ধাপের তথ্যাদি, সংশ্লিষ্ট খাদ্যপণ্যের মেয়াদ উত্তীর্ণের পর ন্যূনতম ৩ (তিন) মাস পর্যন্ত সংরক্ষণ করিতে হইবে এবং চাহিবামাত্র উহা খাদ্য নিয়ন্ত্রণকারী সংস্থাকে প্রদর্শন করিতে হইবে;

(৩) কতিপয় বিধানের অপ্রযোজ্যতা; কোনো খাদ্য বা খাদ্যপণ্য চূড়ান্ত ভোক্তার নিকট মোড়কীকরণ ব্যতীত বিক্রয়ের ক্ষেত্রে অথবা বিক্রয়ের সময় ভোক্তার অনুরোধে মোড়কীকরণের ক্ষেত্রে প্রবিধান ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১০, ১১ ও ১২ প্রযোজ্য হইবে না;

(৪) নিম্নলিখিত শর্তাবলি লেবেলিং-এ অব্যাহতি প্রদান করা যাইবে যদি উহা বারকোড/গ্লোবাল ট্রেড আইডেন্টিফিকেশন নম্বরে (GTIN) প্রদান করা হইয়া থাকে-

(ক) প্রস্তুতকারকের ঠিকানা যদি এটি ব্র্যান্ডের মালিকের থেকে পৃথক হয়;

(খ) প্রযোজ্য ক্ষেত্রে বিপণনকারী, মোড়কজাতকারক বা বোতলজাতকারকের ঠিকানা।

২৪। অপ্রযোজ্যতা ।—Pure Food Rules, 1967 এর যে সকল বিধান এই প্রবিধানমালার বিধানের সহিত সম্পর্কিত তাহা এবং নিরাপদ খাদ্য (মোড়কাবদ্ধ খাদ্য লেবেলিং) প্রবিধানমালা, ২০১৭ এই প্রবিধানমালা কার্যকর হইবার সঙ্গে সঙ্গে অপ্রযোজ্য হইবে।

২৫। ইংরেজি অনুবাদ প্রকাশ ।—গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই প্রবিধানমালার বাংলা পাঠের ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিতে পারিবেন।

তবে শর্ত থাকে যে, বাংলা পাঠ ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

তফসিল-১

[প্রবিধান ১০ (১) দ্রষ্টব্য]

১। চিনি, সোডিয়াম লবণ ও সম্পৃক্ত চর্বি সম্পর্কিত ফ্রন্ট অব প্যাক লেবেলিং (FoPL) প্রদানঃ- (১) যে সকল খাদ্যপণ্যে দফা ৬ অনুযায়ী চিনি, সোডিয়াম লবণ এবং সম্পৃক্ত চর্বি এর সীমা (Threshold) অতিক্রম হইবে, সে সকল খাদ্যের মোড়কের মূল প্রদর্শনী তলে ফ্রন্ট অব প্যাক লেবেলিং (FoPL) প্রদান করিতে হইবে।

(২) খাদ্যের মোড়কের মূল প্রদর্শনী তলে প্রদত্ত FoPL নিম্নের নকশার অনুরূপ হইতে হইবে:



ব্যাখ্যা:- FoPL এর উল্লিখিত নকশায় লবণ বলিতে খাদ্যপণ্যের মোট সোডিয়াম লবণকে বুঝাইবে।

(৩) FoPLটি আয়াতাকারের হইবে এবং ইহার উপরের অংশে শিরোনামসহ একটি রিবন থাকিবে। উক্ত রিবনে দুটি লাইনে শিরোনাম থাকিবে। শিরোনামের প্রথম লাইনে “সতর্কতা” এবং দ্বিতীয় লাইনে “অতিরিক্ত মাত্রায় চিনি, লবণ ও সম্পৃক্ত চর্বি যুক্ত খাদ্য স্বাস্থ্যের জন্য ক্ষতিকর” শব্দ গুচ্ছে থাকিতে হইবে।

(৪) FoPL এর শিরোনাম রিবনের নিচে অষ্টভুজ থাকিবে যেগুলোর মধ্যে উপরের উপপ্রবিধি ২-এ প্রদর্শিত নকশা অনুযায়ী যথাক্রমে “অতিরিক্ত মাত্রায় চিনি যুক্ত”, “অতিরিক্ত মাত্রায় লবণ যুক্ত” এবং “অতিরিক্ত মাত্রায় সম্পৃক্ত চর্বি যুক্ত” শব্দাবলি এবং চিনি, লবণ ও সম্পৃক্ত চর্বি এর প্রতীকী চিত্রসমূহ থাকিবে। অষ্টভুজের ভিতরের লিখায় উপরের লাইনে “অতিরিক্ত মাত্রায়” এবং নিচের লাইনে যথাক্রমে “চিনি যুক্ত” “লবণ যুক্ত” এবং “সম্পৃক্ত চর্বি যুক্ত” শব্দাবলি থাকিতে হইবে।

(৫) দফা ৪-এ উদ্ধৃত সারণি ১ এর ৬, ৭ ও ৮ নম্বর ক্রমিকে বর্ণিত প্রধান প্রদর্শন ক্ষেত্র এর আকার ক্ষুদ্র হইলে তবে উপদফা ২-এ প্রদর্শিত নকশায় শিরোনামের রিবন ও লিখা এবং অষ্টভুজের ভিতর লিখা ব্যতীত নিম্নরূপ নকশার অনুরূপ আয়াতক্ষেত্রের মধ্যে শুধু চিনি, লবণ ও সম্পৃক্ত চর্বি এর প্রতীক সম্বলিত অষ্টভুজ এর FoPL প্রদান করিতে হইবে:



(৩) কোন খাদ্য পণ্যে চিনি, সোডিয়াম লবণ ও সম্পৃক্ত চর্বি এর যে কোন একটি বা দুইটি উপাদান দফা ৬ অনুযায়ী সীমা অতিক্রম হইলে তবে নিম্নরূপ নকশার অনুরূপ FoPL প্রদান করিতে হইবে:

(ক) চিনি এবং সোডিয়াম লবণ এর পরিমাণের ক্ষেত্রে সীমা অতিক্রম হইলে:



(খ) সোডিয়াম লবণ এবং সম্পৃক্ত চর্বি এর পরিমাণের ক্ষেত্রে সীমা অতিক্রম হইলে:



(গ) চিনি এবং সম্পৃক্ত চর্বি এর পরিমাণের ক্ষেত্রে সীমা অতিক্রম হইলে:



(ঘ) শুধু চিনি এর পরিমাণের ক্ষেত্রে সীমা অতিক্রম হইলে:



(ঙ) শুধু সোডিয়াম লবণ এর পরিমাণের ক্ষেত্রে সীমা অতিক্রম হইলে:



(চ) শুধু সম্পৃক্ত চর্বি এর পরিমাণের ক্ষেত্রে সীমা অতিক্রম হইলে:



২। FoPL এর অবস্থানঃ-

- (১) উল্লম্ব বা বর্গাকার মোড়ক: যদি প্রধান প্যানেলের উচ্চতা উহার প্রস্থের সমান বা বেশি হয়, তবে FoPLটি প্যানেলের উপরের অর্ধাংশে (Upper 50%) স্থাপন করিতে হইবে।
- (২) আনুভূমিক মোড়ক: যদি প্রধান প্যানেলের উচ্চতা উহার প্রস্থের চেয়ে কম হয়, তবে FoPLটি প্যানেলের ডানপাশের অর্ধাংশে (Right 50%) স্থাপন করিতে হইবে।
- (৩) নলাকার মোড়ক: সিলিন্ডার আকৃতির মোড়কের ক্ষেত্রে, প্রতীকটি এমনভাবে স্থাপন করিতে হইবে যেন তা সাধারণ দর্শন কোণ থেকে স্পষ্টভাবে দৃশ্যমান হয় এবং মোড়কের প্রান্ত (Seam) হতে অন্তত ১০% দূরত্ব বজায় থাকে।

৩। গ্রাফিক্স ও দৃশ্যমানতাঃ-

- (১) FoPL অবশ্যই সহজপাঠ্য ও দৃশ্যমান হইতে হইবে।
- (২) FoPL আয়ত আকৃতির হইবে এবং চতুর্পার্শ্বে কালো রঙের বোর্ডার থাকিবে।
- (৩) দফা ১-এ প্রদর্শিত নকশা অনুযায়ী FoPLটি অস্বচ্ছ (opaque) কালো ও সাদা রঙের হইবে। FoPL এর চতুর্পার্শ্বে কালো বোর্ডার এর মধ্যস্থ সকল লিখা, সাদা জমিন ও ব্যাকগ্রাউন্ড, মধ্যস্থিত চিত্র বা প্রতীকসমূহের সাদা রঙের অংশসমূহ অস্বচ্ছ (opaque) সাদা রঙের হইবে।
- (৪) FoPL ও খাদ্য মোড়কের রঙের মধ্যে যথাযথ বৈসাদৃশ্য (Contrast) নিশ্চিত করিতে হইবে। গাঢ় বা উজ্জ্বল রঙের মোড়কের ক্ষেত্রে FoPL এর চতুর্পার্শ্বে কালো বোর্ডারের বাইরে অতিরিক্ত সাদা রঙের বোর্ডার দিতে হইবে এবং যাহা নিচে প্রদর্শিত নমুনার অনুরূপ হইতে হইবে:



- (৫) FoPL এর মধ্যস্থিত অষ্টভুজসমূহ উপর-নিচে প্রায় সমান দুই অর্ধাংশে ভাগ করিতে হইবে। অষ্টভুজের উপরের অর্ধাংশ জুড়ে প্রতীক এবং নিচের অর্ধাংশ জুড়ে লিখা থাকিবে। তবে উপদফা ১(৫) এ প্রদর্শিত ছোট আকৃতির মোড়কের জন্য অষ্টভুজ জুড়ে চিনি, লবণ বা সম্পৃক্ত চর্বির প্রতীক থাকিতে হইবে।
- (৬) দফা ১-এ প্রদর্শিত নকশা অনুযায়ী FoPL এর আয়তক্ষেত্র, লিখা, রেখা ও বোর্ডার, অষ্টভুজ ও এর মধ্যস্থিত চিত্র ও লিখা ইত্যাদির আকৃতির অনুপাত যথাসম্ভব বজায় রাখিতে হইবে।

৪। FoPL এর আকার ও অনুপাতঃ-

(১) শিরোনাম রিবনসহ আয়তাকার FoPL এর দৈর্ঘ্য এবং উচ্চতার অনুপাত ১৪:৬ হইবে। এখানে দৈর্ঘ্য বলিতে অনুভূমিক দৈর্ঘ্য এবং উচ্চতা বলিতে উল্লম্ব পরিমাপকে বুঝানো হইয়াছে।

(২) FoPL এর মোট ৬ অনুপাতের উচ্চতার মধ্যে শিরোনামের কালো রিবন ও তার নিচে সাদা অংশের উচ্চতার অনুপাত হইবে ১.৪:৪.৬। সারণী ১-এ বর্ণিত ৬, ৭ ও ৮ নম্বরের ক্ষুদ্র আকৃতির প্রধান প্রদর্শন ক্ষেত্র এর জন্য শিরোনাম রিবন থাকবে না।

(৩) FoPL এর মধ্যস্থিত অষ্টভুজ এর উচ্চতা এবং FoPL এর সাদা অংশের উচ্চতার অনুপাত হবে ৪:৪.৬। অষ্টভুজের উচ্চতা এবং প্রস্থ সমান হইতে হইবে।

(৪) সারণী ১ অনুসারে মূল প্যানেলে বা মূল প্রদর্শনী তল (PDS) অনুযায়ী FoPL এর ন্যূনতম উচ্চতা ও দৈর্ঘ্য থাকিতে হইবে:

সারণী ১: PDS এর ভিত্তিতে FoPL-এর আকার:

ক্রমিক	মূল প্রদর্শনী তল (PDS) এর আকৃতি	FoPL এর ন্যূনতম দৈর্ঘ্য (Length)	FoPL এর ন্যূনতম উচ্চতা (Height)	বাফার জোন (Buffer Zone)
১	৬০০ বর্গ সেন্টিমিটারের বেশি (>৬০০ cm ²)	৮.২০ সে.মি.	৩.৫০ সে.মি.	২.৭ মি.মি.
২	৪৫০ এর বেশি হইতে ৬০০ বর্গ সেন্টিমিটার পর্যন্ত (>৪৫০ PDS ≤ ৬০০ cm ²)	৭.০০ সে.মি.	৩.০০ সে.মি.	২.৩ মি.মি.
৩	২৫০ এর বেশি হইতে ৪৫০ বর্গ সেন্টিমিটার পর্যন্ত (>২৫০ PDS ≤ ৪৫০ cm ²)	৫.৮৩ সে.মি.	২.৫০ সে.মি.	১.৯ মি.মি.
৪	১০০ এর বেশি হইতে ২৫০ বর্গ সেন্টিমিটার পর্যন্ত (>১০০ PDS ≤ ২৫০ cm ²)	৪.৬৬ সে.মি.	২.০০ সে.মি.	১.৫ মি.মি.
৫	৫০ এর বেশি হইতে ১০০ বর্গ সেন্টিমিটার পর্যন্ত (>৫০ PDS ≤ ১০০ cm ²)	৩.৫০ সে.মি.	১.৫০ সে.মি.	১.১ মি.মি.
৬	৩০ এর বেশি হইতে ৫০ বর্গ সেন্টিমিটার পর্যন্ত (>৩০ PDS ≤ ৫০ cm ²) (ক্ষুদ্র আকৃতির PDS)	২.৮০ সে.মি.	০.৯২ সে.মি.	১.০ মি.মি.
৭	২০ এর বেশি হইতে ৩০ বর্গ সেন্টিমিটার পর্যন্ত (>২০ PDS ≤ ৩০ cm ²) (ক্ষুদ্র আকৃতির PDS)	২.২০ সে.মি.	০.৭৩ সে.মি.	১.০ মি.মি.
৮	২০ বর্গ সেন্টিমিটার পর্যন্ত (ক্ষুদ্র আকৃতির PDS)	১.৬০ সে.মি.	০.৫৩ সে.মি.	১.০ মি.মি.

ব্যাখ্যা:- "বাফার জোন" (Buffer Zone) বলিতে FoPL এর চতুর্পার্শ্বে অবস্থিত ফাঁকা স্থান বুঝাইবে যেখানে অন্য কোনো লেখা, চিত্র, গ্রাফিক্স বা জ্যামিতিক নকশা থাকিবে না। এই স্থানটি প্রতীকের দৃশ্যমানতা নিশ্চিত করিবে।

(৫) খাদ্য পণ্যের মোড়কের দৈর্ঘ্য ৪ সেন্টিমিটার এর কম হইলে এবং প্রস্থ ২ সেন্টিমিটার এর কম হইলে তবে উক্ত মোড়কে FoPL প্রদান বাধ্যকর হইবে না।

৫। ভাষাঃ-

প্রবিধান ৪(ঘ) এর বিধান সাপেক্ষে:

(১) দেশীয় বাজারে বিক্রিত পণ্যের ক্ষেত্রে FoPL এর সকল তথ্য (যেমন: "অতিরিক্ত মাত্রায় চিনি যুক্ত") বাংলা ভাষায় লিখিত হইবে।

(২) রপ্তানি বা আমদানিকৃত পণ্যের ক্ষেত্রে, বাংলা অথবা ইংরেজি, অথবা উভয় ভাষা (দ্বোভাষী ফরম্যাট) ব্যবহার করা যাইবে। দ্বোভাষী ক্ষেত্রে বাংলা টেক্সট প্রথমে থাকিবে।

৬। পুষ্টি উপাদানের সীমা (Thresholds) নির্ধারণ ও গণনা পদ্ধতি (Calculation Methodology)

(১) কোনো মোড়কাবদ্ধ খাদ্যে চিনি, লবণ ও সম্পৃক্ত চর্বি'র পরিমাণ নিম্নোক্ত সীমার বেশি হইলে খাদ্য মোড়কের উপর FoPL প্রদান করিতে হইবে। এই সীমা ১০০ কিলোক্যালরি শক্তির ভিত্তিতে নির্ধারণ করা হইয়াছে:

সারণী ২: FoPL প্রদানের জন্য সীমা (Threshold)

চিনি	লবণ	সম্পৃক্ত চর্বি
ক. কঠিন খাদ্য: ≥ ২.৫ গ্রাম/১০০ কিলো ক্যালরি	≥ ১০০ মি. গ্রাম/১০০ কিলো ক্যালরি	≥ ১.১ গ্রাম/১০০ কিলো ক্যালরি
খ. তরল খাদ্য: ≥ ১.২৫ গ্রাম/১০০ কিলো ক্যালরি		

ব্যাখ্যা:- প্রবিধানমালার উদ্দেশ্য পূরণকল্পে, "কঠিন খাদ্য" বলিতে এমন খাদ্য বুঝাইবে যাহা সাধারণ তাপমাত্রায় আকৃতি বজায় রাখে।

(২) গণনা পদ্ধতি (Calculation Methodology)

গাণিতিক উদাহরণ :

(ক) উদাহরণ ১: (কঠিন খাদ্য - চিনি):

একটি বিস্কুটের প্যাকেটে প্রতি ১০০ গ্রামে ১৫ গ্রাম চিনি এবং ৪৮০ কিলোক্যালরি শক্তি আছে।

- ১০০ কি. ক্যালরিতে চিনির পরিমাণ = $(১৫ \div ৪৮০) \times ১০০ = ৩.১২৫$ গ্রাম।
- যেহেতু ৩.১২৫ গ্রাম > ২.৫ গ্রাম (সীমা), বিধায় এই বিস্কুটের মোড়কে "অতিরিক্ত মাত্রায় চিনি যুক্ত" FoPL লেবেল প্রদান করিতে হইবে।

(খ) উদাহরণ ২: (কঠিন খাদ্য - লবণ):

একটি চিপসের প্যাকেটে প্রতি ১০০ গ্রামে ১.৫ গ্রাম সোডিয়াম লবণ এবং ৫৫০ কিলোক্যালরি শক্তি আছে।

- ১০০ কিলো ক্যালরিতে সোডিয়াম লবণের পরিমাণ = $(১.৫ \div ৫৫০) \times ১০০ = ২৭২$ মি.গ্রা.।
- যেহেতু ২৭২ মি.গ্রা. > ১০০ মি. গ্রা. (সীমা), বিধায় এই চিপসের মোড়কে "অতিরিক্ত মাত্রায় লবণ যুক্ত" FoPL প্রদান করিতে হইবে।

৭। ফ্রন্ট অব প্যাক লেবেলিং এর বাধ্যবাধকতা থেকে অব্যাহতিপ্রাপ্ত খাদ্য পণ্যসমূহ (বাকি সকল মোড়কজাত খাদ্যে ফ্রন্ট অব প্যাক লেবেলিং এর বাধ্যবাধকতা থাকিবে) :-

নিম্নোক্ত খাদ্য পণ্যসমূহ FoPL প্রদানের বাধ্যবাধকতা থেকে অব্যাহতি পাইবে:

Food Category number (As per Codex)	Category description
1.0	Milk and milk products
1.1	Milk and buttermilk (plain)
1.1.1	Milk (plain)
1.1.2	Buttermilk (plain)
1.2	Fermented and renneted milk products (plain), excluding food category
1.2.1	Fermented milks (plain)
1.2.1.1	Fermented milks (plain), not heat-treated after fermentation
1.2.1.2	Fermented milks (plain), heat-treated after fermentation
1.2.2	Renneted milk (plain)
1.3	Condensed milk and analogues (plain)
1.3.1	Condensed milk (plain), evaporated milk(s), sweetened condensed
1.3.2	Beverage whiteners
1.4	Cream (plain) and the like cream and malai
1.4.1	Pasteurized cream (plain), cream and malai
1.4.2	Sterilized and UHT creams, whipping and whipped creams, and reduced fat creams (plain)
1.4.3	Clotted cream (plain)
1.4.4	Cream analogues
1.5	Milk powder and cream powder and powder analogues (plain)
1.5.1	Milk powder and cream powder (plain)
1.5.2	Milk and cream powder analogues
1.8	Whey and whey products, excluding whey cheeses
1.8.1	Liquid whey and whey products, excluding whey cheeses
1.8.2	Dried whey and whey products, excluding whey cheeses whey powder
2.0	Fats and oils
2.1	Fats and oils essentially free from water
2.1.1	Butter oil, anhydrous milk fat, ghee
2.1.2	Vegetable oils and fats
2.1.3	Lard, tallow, fish oil, and other animal fats
2.2	Fat emulsions, mainly of type oil-in-water, including mixed and/or flavored products based on fat emulsions
3.0	Fruits and Vegetables
3.1	Fruits

3.1.1	Fresh fruit
3.1.1.1	Untreated fresh fruit
3.1.1.2	Surface treated fresh fruit
3.1.1.3	Peeled or cut fresh fruit
3.1.1.4	Frozen fruit
3.2	Vegetables
3.2.1.1	Fresh vegetables, (including mushrooms and fungi, roots and tubers, pulses and legumes, and aloe vera), seaweeds and nuts and seeds
3.2.1.1	Untreated fresh vegetables, (including mushrooms and fungi, roots and tubers, pulses and legumes including soybeans, and aloe vera), seaweeds and nuts and seeds;
3.2.1.2	Surface-treated fresh vegetables, (including mushrooms and fungi, roots and tubers, pulses and legumes, and aloe vera), seaweeds and nuts and seeds;
3.2.1.3	Peeled, cut or shredded fresh vegetables, (including mushrooms and fungi, roots and tubers, pulses and legumes, and aloe vera), seaweeds and nuts and seeds
3.2.2.1	Frozen vegetables (including mushrooms and fungi, roots and tubers, pulses and legumes, and aloe vera), seaweeds and nuts and seeds
4.0	Cocoa
4.1.1	Cocoa mixes (powders) and cocoa mass/cake
4.1.2	Cocoa mixes (syrops)
5.0	Grains and grain products
5.1	Whole, broken, or flaked grain, including rice
5.2	Flours and starches (including soybean powder)
5.2.1	Flours
5.2.2	Starches
5.3	Batters
6.0	Meat and meat products
6.1	Fresh meat and poultry
6.1.1	Fresh meat and poultry, whole pieces or cuts
6.1.2	Fresh meat and poultry comminuted.
6.2	Frozen processed comminuted meat and poultry products
6.3	Edible casings (e.g. Sausage casings)
7.0	Fish and fish products
7.1	Fresh fish and fish products, including molluscs, crustaceans, and echinoderms
7.1.1	Fresh fish
7.1.2	Fresh molluscs, crustaceans, and echinoderms
8.0	Eggs and egg products
8.1	Fresh eggs
8.2	Egg products
8.2.1	Liquid egg products

8.2.2	Frozen egg products
8.2.3	Dried and/or heat coagulated egg products
8.3	Preserved eggs, including alkaline, salted, and canned eggs
8.4	Egg-based desserts
9.0	Sweeteners, including honey
9.1	Refined and raw sugars
9.1.1	White sugar, dextrose anhydrous, dextrose monohydrate, fructose
9.1.2	Powdered sugar, powdered dextrose
9.1.3	Soft white sugar, soft brown sugar, glucose syrup, dried glucose syrup, raw cane sugar, khandsari sugar (sulphur sugar), bura sugar
9.1.3.1	Dried glucose syrup is used to manufacture sugar confectionery
9.1.3.2	Glucose syrup for the manufacture of sugar confectionery (golden syrup)
9.1.4	Lactose
9.1.5	Plantation or mill white sugar (plantation white sugar, cube sugar, misri)
9.2	Brown sugar, excluding products of food category 9.1.3
9.3	Sugar solutions and syrups, also (partially) inverted, including treacle and molasses, excluding products of food category 9.1.3
9.4	Other sugars and syrups
9.5	Honey
9.6	Table-top sweeteners, including those containing high-intensity sweeteners (saccharin sodium, aspartame, acesulfame potassium, sucralose)
10.0	Auxiliary food ingredients or food preparation & flavoring related products
10.1	Salt and salt substitutes
10.1.1	Salt (including edible common salt, iron fortified salt, iodized salt)
10.1.2	Salt substitutes
10.2	Herbs, spices, seasonings, and condiments (e.g., seasoning for instant noodles)
10.2.1	Herbs, spices, including masalas
10.2.2	Seasonings and condiments
10.3	Vinegars
10.4	Mustards
10.7	Salads and sandwich spreads, excluding cocoa-and nut-based spreads of food categories 4.0 and 5.0
10.8	Yeast and like products
10.9	Protein products other than from soybeans
11.0	Foodstuffs intended for particular nutritional uses

11.1	Infant formulae, follow-on formulae, and formulae for special medical purposes for infants
11.1.1	Infant formulae
11.1.2	Follow-up formulae
11.1.3	Formulae for special medical purposes for infants
11.2	Complementary foods for infants and young children
11.3	Dietetic foods intended for special medical purposes (excluding products of food category 13.1)
11.4	Dietetic formulae for slimming purposes and weight reduction
11.5	Dietetic foods (e.g., supplementary foods for dietary use), excluding products of food categories 13.1-13.4 and 13.6
11.6	Food supplements
12.0	Water and Beverages
12.1	Waters
12.1.1	Natural mineral waters and source waters
12.1.2	Table waters and soda waters
12.2	Non-Alcoholic beverages, including alcohol-free and low-alcoholic counterparts
12.2.1	Beer and malt beverages (Non-Alcoholic)
12.2.2	Cider and Perry (Non-Alcoholic)
12.2.3	Still grape wine (Non-Alcoholic)
12.2.4	Sparkling and semi-sparkling grape wines (Non-Alcoholic)
12.2.5	Fortified grape wine, grape liquor wine, and sweet grape wine (Non-Alcoholic)
12.2.6	Wines (other than grape) (Non-Alcoholic)
12.2.7	Mead (Non-Alcoholic)
12.2.9	Aromatized beverages (Non-Alcoholic)

৮। নির্দেশিকা প্রণয়ন:-

FoPL প্রয়োগ নিশ্চিত করিবার লক্ষ্যে এবং উদ্ভূত কোন অস্পষ্টতা দূরীকরণের জন্য কর্তৃপক্ষ প্রয়োজনীয় নির্দেশিকা বা স্পষ্টীকরণ প্রণয়ন ও জারি করিতে পারিবে।

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের আদেশক্রমে

জাকারিয়া
চেয়ারম্যান।